# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০২২ সালের ২য় বোর্ডসভার কার্যবিবরণী

তারিখ : ৩১ মার্চ, ২০২২
সময় : সকাল ১১-০০ টা
স্থান : সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি : ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সেলিম মাহমুদ, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।
উপস্থিতি : সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর মাসে অনুষ্ঠিত সভায় সভাপতি মহোদয় ক্যান্টনমেন্ট বোর্ডের পক্ষ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন এবং মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী ও শহীদ মুক্তিযোদ্ধাদের অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন। অত:পর উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম আরম্ভ করেন। উপস্থাপিত আলোচ্যসূচীর উপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

আলোচ্যবিষয়-১: ১৯ জানুয়ারি, ২০২২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়ীকরণ।

আলোচনা: গত ১৯ জানুয়ারি, ২০২২ তারিখে অনুষ্ঠিত ২০২২ সালের প্রথম বোর্ডসভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। মোট ৫৫টি গৃহীত সিদ্ধান্তের বিপরীতে ৫৪ টির উপর কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অবশিষ্ট ০১টি সিদ্ধান্তের উপর সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৯৮.১৮%। সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সভায় সন্তোষ প্রকাশ করে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্য কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহমেদ ২০২২ সালের প্রথম বোর্ডসভার কার্যবিবরণী নিশ্চিত করার জন্য সমর্থন করেন।

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০২২ সালের প্রথম বোর্ডসভার কার্যবিবরণী নিশ্চিত করা হয় এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

আলোচ্যবিষয়-২: জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২০২২ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জানুয়ারি, ২০২২ মাসে ১,৩২,৭৮,১৭৩/- (এক কোটি বত্রিশ লক্ষ আটাত্তর হাজার একশত তিয়াত্তর) টাকা ও ফেব্রুয়ারি, ২০২২ মাসে ১,৫৪,৭০,২০১/- (এক কোটি চুয়ান্ন লক্ষ সত্তর হাজার দুইশত এক) টাকা রাজস্ব আদায় হয়েছে। রাজস্ব আদায়ের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, ২০২১-২০২২ অর্থ বছরের প্রাক্কলিত আয় ২১,১৮,২৮,০০০/- (একুশ কোটি আঠার লক্ষ আটাশ হাজার) টাকার বিপরীতে ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত রিবেটসহ আদায় হয়েছে ২৮,৯৭,৯৬,৩৬০/- (আটাশ কোটি সাতানব্বই লক্ষ ছিয়ানব্বই হাজার তিনশত ছত্রিশ) টাকা, যা মোট দাবীর ১৩৬.৮০%।

সিদ্ধান্ত:
২.১: জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২০২২ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী অবলোকন করা হলো।
২.২: বোর্ডের আওতাধীন এলাকার বকেয়া রাজস্ব আদায় জোরদার করতে হবে।
২.৩: সঠিকভাবে রাজস্ব/দাবী এসেসমেন্ট করতে হবে।

আলোচ্যবিষয়-৩: জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

আলোচনা:
৩.১: স্থানীয় আয়ের উৎস, মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ সর্বমোট জানুয়ারি, ২০২২ মাসে ৪,২৫,৮৯,৪২৭/- (চার কোটি পঁচিশ লক্ষ উননব্বই হাজার চারশত সাতাশ) টাকা ও ফেব্রুয়ারি, ২০২২ মাসে ২,৫০,৫৫,৮৮৮/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ পঞ্চান্ন হাজার আটশত আটাশি) টাকা আয় হয়েছে।
৩.২: অপরদিকে জানুয়ারি, ২০২২ মাসে সর্বমোট ব্যয় ৬,০৫,০২,৮৩৮/- (ছয় কোটি পাঁচ লক্ষ দুই হাজার আটশত আটত্রিশ) টাকা ও ফেব্রুয়ারি, ২০২২ মাসে সর্বমোট ব্যয় ৫,২৯,৪৩,৫৫০/- (পাঁচ কোটি উনত্রিশ লক্ষ তেতাল্লিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা।
৩.৩: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১০/৪/২০১৬ তারিখের ২৩.০০.০০০০.০৯০.৯৯.০১.১৩.১১৫ স্মারকের মাধ্যমে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারকে প্রদত্ত আর্থিক ক্ষমতা বলে গত ১৯/০১/২০২২ খ্রি: তারিখ হতে ৩০/৩/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত কোটেশনের মাধ্যমে ব্যয়িত অর্থের হিসাব:-

| ক্রমিক নং | মাস | ব্যয়িত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | জানুয়ারি-২০২২ | ৫,৭৯,৫৯৮/- | ১৯/০১/২০২২ হতে ৩১/০১/২০২২ পর্যন্ত |
| ২। | ফেব্রুয়ারি-২০২২ | ১০,২৩,৮৮৬/- | |
| ৩। | মার্চ-২০২২ | ১৩,৯৪,৩৬৮/- | |
| | সর্বমোট= | ২৯,৯৭,৮৫২/- | |

সিদ্ধান্ত:
৩.১: জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।
৩.২: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১০/৪/২০১৬ তারিখের ২৩.০০.০০০০.০৯০.৯৯.০১.১৩.১১৫ স্মারকের মাধ্যমে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারকে প্রদত্ত আর্থিক ক্ষমতা বলে গত ১৯/০১/২০২২ খ্রি: তারিখ হতে ৩০/৩/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত কোটেশনের মাধ্যমে ব্যয়িত ২৯,৯৭,৮৫২/- (উনত্রিশ লক্ষ সাতানব্বই হাজার আটশত বায়ান্ন) টাকার ঘটনোত্তর অনুমোদন প্রদান করা হয় (বিস্তারিত তালিকা- পরিশিষ্ট-'খ')।

আলোচ্যবিষয়-৪: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অবসরপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা/কর্মকর্তা/ কর্মচারীদের আনুতোষিক (পেনশন) পরিশোধ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অবসরপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা/কর্মকর্তা/ কর্মচারীদের এপ্রিল-২০২১ হতে এপ্রিল-২০২২ পর্যন্ত আনুতোষিক (পেনশন) বাবদ প্রাপ্য ৬,৮০,২০,২২৭/- (ছয় কোটি আশি লক্ষ বিশ হাজার দুইশত সাতাশ) টাকার মধ্যে ৩,০৯,০৪,৪৭৯/- (তিন কোটি নয় লক্ষ চার হাজার চারশত উনআশি) টাকা পরিশোধ করা হয়েছে এবং ৩,৭১,১৫,৭৪৮/-(তিন কোটি একাত্তর লক্ষ পঁনের হাজার সাতশত আটচল্লিশ) টাকা অপরিশোধিত রয়েছে। যার সার সংক্ষেপ নিম্নরূপ:-

| ক্র: নং | বিবরণ | মোট প্রাপ্য আনুতোষিক | পরিশোধিত | অপরিশোধিত | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ০৯ (নয়) জন পেনশনারের সম্পূর্ণ আনুতোষিক পরিশোধ | ১,৭৫,৩৪,৪৭৯/- | ১,৭৫,৩৪,৪৭৯/- | - | পরিশিষ্ট-'গ' |
| ২. | ০৯ (নয়) জন পেনশনারের আংশিক পরিশোধ | ২,৫৮,৪৩,৪৭৯/- | ১,৩৩,৭০,০০০/- | ১,২৪,৭৩,৪৭৯/- | পরিশিষ্ট-'ঘ' |
| ৩. | ০৫ (পাঁচ) জন পেনশনারের আনুতোষিক অপরিশোধিত | ২,৪৬,৪২,২৬৯/- | ০০/- | ২,৪৬,৪২,২৬৯/- | পরিশিষ্ট-'ঙ' |
| | সর্বমোট= | ৬,৮০,২০,২২৭/- | ৩,০৯,০৪,৪৭৯/- | ৩,৭১,১৫,৭৪৮/- | |

বোর্ডের সদয় অবগতি ও অনুমোদনের জন্য উপস্থাপিত হলো।

সিদ্ধান্ত:
(i) পরিশোধিত পেনশনের অনুমোদন দেয়া হলো। ক্রমান্বয়ে বাকী পেনশনারদের অর্থ পরিশোধ করতে হবে।
(ii) বোর্ডের অধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন তহবিলের অব্যয়িত অর্থ সংগ্রহপূর্বক পেনশন ফান্ড বৃদ্ধি করতে হবে।

আলোচ্যবিষয়-৫: জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২০২২ মাসের স্বাস্থ্য বিবরণী অবলোকন।

আলোচনা: স্টেশন হেল্থ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রস্তুতকৃত স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, ঢাকা সেনানিবাস এলাকায় স্বাস্থ্যগত পরিবেশ-সন্তোষজনক। সঠিক স্বাস্থ্যগত পরিবেশ ও পরিস্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। সকলকে বাংলাদেশ আর্মি আদেশ ০৩/৯৬ কঠোরভাবে পালন করার জন্য উক্ত প্রতিবেদনে পরামর্শ দেয়া হয়। স্টেশন সদর দপ্তর, ক্যান্টনমেন্ট বোর্ড ও ষ্টেশন হেল্থ অর্গানাইজেশন, ঢাকা কর্তৃক দৈনিক, মাসিক ও বিশেষ কর্মসূচীর মাধ্যমে ঢাকা সেনানিবাসের সকল এলাকায় নিয়মিত ভাবে মশা, মাছি ও কীটপতঙ্গ নিধনকারী ঔষধ ছিটানো হচ্ছে। এসবিএও ০৩/৯৬ অনুযায়ী ইউনিট/সংস্থান নিজস্ব এলাকায় এ্যন্টি ম্যালেরিয়া কার্যক্রম পরিচালনা করার জন্য উক্ত প্রতিবেদনে পরামর্শ দেয়া হয়। অতিমারী করোনার (কোভিড-১৯) কারণে ঢাকা সেনানিবাসে পরিষ্কার-পরিচ্ছন্নতা, উন্মুক্ত রাস্তায় নিয়মিত ব্লিচিং পাউডার ছিটানো ও স্বাস্থ্য সম্মত পরিবেশ নিশ্চিত করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডসহ ঢাকা সেনানিবাসের অন্যান্য সংস্থা নিরবচ্ছিন্নভাবে কার্যক্রম পরিচালনা করে আসছে। স্টেশন সদর দপ্তর, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন হেল্থ অর্গানাইজেশন এডিস মশার লার্ভা নিধনে ঢাকা সেনানিবাস ও সকল ডিওএইচএস এলাকায় নিয়মিত কার্যক্রম পরিচালনা করছে বলে সভায় অবহিত করা হয়।

সিদ্ধান্ত:
৫.১: সেনানিবাসের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়মিত তদারকি করতে হবে এবং মশা-মাছি ও কীট পতঙ্গ দমন কার্যক্রম নিয়মিত পরিচালনা করতে হবে। সেনানিবাস ও ডিওএইচএস এলাকায় ডেঙ্গু মশা নিয়ন্ত্রণে সর্বাত্মক কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।
৫.২: সেনানিবাসের স্বাস্থ্যগত অবস্থা সম্পর্কে প্রতিবেদন উপস্থাপনসহ পরবর্তী করণীয় নির্ধারণের নিমিত্ত বোর্ডসভায় স্টেশন হেলথ অর্গানাইজেশনের প্রতিনিধি উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যবিষয়-৬: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তর/হেবা অনুমতি প্রসংগেঃ-

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. | বাড়ী নং-৬৫, ফ্ল্যাট নং-এ/৪ (৫ম তলা দক্ষিণ), রোড নং-৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | মিসেস সেলিনা চৌধুরী পিতা-মরহুম এম এ মালেক বাড়ী নং-৬৫, রোড নং-৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-০৮/০৩/২০২০ | মেজর মোঃ মাহবুবুল হক, পিতা-মরহুম মোঃ সিরাজুল হক, মাতা-মরহুমা খাদিজা হক বর্তমান ঠিকানা-১১৬/১, মাটিকাটা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | ২৩ ডিসেম্বর ২০২১ তারিখের ৩৯১৭/১/ প্লট নং-৬৫/এমকিউ -২ নং পত্র। | ৩১ জানুয়ারি ২০২২ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০২.১২১.৪৮১৪.৩১.০১.২০২২ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন কমবেশী ১৫২৫ বঃফুঃ ০১টি ফ্ল্যাট নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ বিক্রয়/ হস্তান্তর ঘটনোত্তর অনুমোদন। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ২. | বাড়ী নং-৪৩/ডি, ফ্ল্যাট নং-এ/৪ (৫ম তলা | জনাব নাসির উদ্দিন আহমেদ ব্যবস্থাপনা পরিচালক, মোহনা ডেভেলপমেন্টস লিঃ ও জনাব | ব্রিগেঃ জেনাঃ মহাম্মদ সুমন রেজা, পিতা-এ এস নুর মোহাম্মদ , মাতা- | ০৭ ডিসেম্বর ২০২০ তারিখের | ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখের | ফ্ল্যাটের আয়তন কমবেশী ২১০০ বঃফুঃ ০১টি ফ্ল্যাট নিচতলায় ০১(এক)টি |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | দক্ষিণ), রোড নং-৮, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | মাহমুদ হাসান, চেয়ারম্যান সানবীন বিল্ডার্স এন্ড ডেভেলপার্স লিঃ (জনাব গোলাম কবীর তালুকদার পিতা-মৃত মোহাম্মদ আলী তালুকদার এর নিযুক্তীয় আম-মোক্তার), বাড়ী নং-০১ (১ম তলা), লেক সার্কাস রোড, কলাবাগান, ঢাকা- ১২০৫। তারিখ-২৮/১০/২০১৯ | মোছাঃ আক্তার বানু বাড়ী নং-স্থায়ী ঠিকানা-৪১/৩৩, ব্লক-সি, বাশবাড়ী, চানমিয়া হাউজিং, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। | ৩৯১৭/১/ এমকিউ-২/৪৩/ডি/৫ ম তলা/এ/৫ নং পত্র। | ২৩.০১.৯০১ ৮০০.০২.১২১ .৩৬৬৯.১৭.০ ২.২০২২ নং পত্র। | কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ বিক্রয়/হস্তান্তর ঘটনোত্তর অনুমোদন। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ৩. | বাড়ী নং-১৫/এ, ফ্ল্যাট নং-৩/সি (৪র্থ তলা দক্ষিণ), রোড নং-৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | জনাব মোঃ হাসান খুরশীদ পিতা-খোরশেদ উদ্দীন আহমেদ বাড়ী নং-১৫/এ, ফ্ল্যাট নং-০৩ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-৩০/০৬/২০২১ | ডাঃ লুৎফুন নাহার পিতা-মৃত মোঃ ইসমাইল হোসেন স্বামী-মেজর (অবঃ) এস এম রেজাউল করিম হুসাইনি, বর্তমান ঠিকানা-বাড়ী নং-১৫/এ, ফ্ল্যাট নং-৩/সি, রোড নং-০৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | ১২ ডিসেম্বর ২০২১ তারিখের ৩৯১৭/১/প্লট নং-১৫/এ/এমকিউ-২ নং পত্র। | ১১ জানুয়ারি ২০২২ তারিখের ২৩.০১.৯০১.৮০ ০.০২.১২১.১০০৪ ৩২.১১.০১.২০২ ২ .নং পত্র। | ফ্ল্যাটের আয়তন কমবেশী ১৭২০ বঃফুঃ ০১টি ফ্ল্যাট নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ বিক্রয়/হস্তান্তর অনুমতি। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ৪. | বাড়ী নং-৩০/ই, ফ্ল্যাট নং-বি/৫ (৬ষ্ঠ তলা দক্ষিণ),রোড নং-৫ (নাজির রোড), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | রোখাইয়া ওরফে রুকাইয়া ফতেহ আলী, স্বামী-মৃত ফতেহ আলী বাড়ী নং-৩০/ই, রোড নং-৫(নাজির রোড), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-৩০/০৬/২০২১ | জনাব মোঃ শরীফুল ইসলাম পিতা-নায়েক (অবঃ) মৃত নজরুল ইসলাম, মাতা-মোছাঃ সুফিয়া বেগম দিলরুবা (বেবি) বর্তমান ঠিকানা-বাড়ী নং- ০৩, ফ্ল্যাট নং-এ১-এ২, মিরপুর-২, ঢাকা-১২১২। | ০৭ নভেম্বর ২০২১ তারিখের ৩৯১৭/১/ এমকিউ-২/৩০/ই/ নং পত্র। | ১৩ মার্চ ২০২২ তারিখের ২৩.০১.৯০১.৮০ ০.০৩.০২৮.০১.১ ৩.০৩.২২ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন কমবেশী ১৫৪৭ বঃফুঃ ফ্ল্যাট, বেজমেন্টে ০১(এক)টি কারপার্কিং (পার্কিং নং-পি-১৪) এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ বিক্রয়/হস্তান্তর অনুমতি। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ৫. | বাড়ী নং- ২০, ফ্ল্যাট নং-এ/১ (২য় তলা-পূর্ব পার্শ্ব ভবন), রোড নং-৪ ক্যান্টনমেন্ট বাজার সেনানিবাস, ঢাকা-১২০৬। | মিসেস মেহেরুন নেছা বেগম, স্বামী-প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ বাড়ী নং-২০, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-০১/০৮/২০২১ | (১) জনাব মোঃ মাহছুদুর রহমান পিতা-মরহুম সাগর আলী সরকার, মাতা-ছালেমা বেগম (২) শাহানাজ আক্তার পিতা-মোঃ আতিকুল্লাহ স্বামী- মোঃ মাহছুদুর রহমান বর্তমান ঠিকানা-রোড নং-৪, বাড়ী নং-১৩/এ, বনানী ডিওএইচএস, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | ৩ নভেম্বর ২০২১ তারিখের ৩৯১৭/১/প্লট নং-২০/ এমকিউ-২ নং পত্র। | ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ২৩.০১.৯০১.৮০ ০.০৩.০২৮.০৫.২ ০.০২.২২ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন কমবেশী ১৭০০ বঃফুঃ ফ্ল্যা , বেজমেন্টে ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ বিক্রয়/হস্তান্তর অনুমতি। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ৬. | বাড়ী নং- ৪৩/বি, ফ্ল্যাট নং-৪/সি (৪র্থ তলা), রোড নং-৯ ক্যান্টনমেন্ট বাজার সেনানিবাস, ঢাকা-১২০৬। | জনাব তৌহিদুল আনোয়ার ও জনাব শহিদুল আনোয়ার পিতা-মরহুম ডাঃ আনোয়ার হোসেন, বাড়ী নং-৪৩/এ, ফ্ল্যাট নং-এস/৫ ও এন/৫, রোড নং-৯, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-০১/০২/২০২১ | ডাঃ সুফিয়া আক্তার, স্বামী-ব্রিগেঃ জেনাঃ আশরাফুল ইসলাম খান (অবঃ), বাড়ী নং-৪৩/বি, ফ্ল্যাট নং-৫/বি, রোড নং-৯, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | ২৬ অক্টোবর ২০২১ তারিখের ৩৯১৭/১/প্লট নং-৪৩/বি এমকিউ-২ নং পত্র। | ২৭ জানুয়ারি ২০২২ তারিখের ২৩.০১.৯০১.৮০ ০.০২.১২১.১১০১ ২৩.২৭.০১. ২০২২ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন কমবেশী ১৪৬০ বঃফুঃ ফ্ল্যাট, নিচতলায় ০১ (এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ বিক্রয়/হস্তান্তর অনুমতি। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ৭. | বাড়ী নং-৩/এ, রোড নং-১ (শহীদ বদিউজ্জমান রোড), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | (১)জনাব নাজমুদ্দিন আদম আলী (২) জনাব সোয়েব আদম আলী (৩) জনাব আব্বাসী আদম আলী (৪) জনাব মোস্তফা আদম আলী সর্বপিতা-আদম আলী বাড়ী নং-৩/এ, রোড নং-১ (শহীদ বদিউজ্জমান রোড), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।তারিখ-৬/১২/২০২২ | (১)জনাব আহমেদ ইব্রাহিম পিতা-ইব্রাহিম দাউদ মামুন (২)জনাব আনাস মামুন পিতা-বিলাল ডি মামুন বাড়ী নং-৪৩/এফ, রোড নং-৮, ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | ২৪ মার্চ ২০২১ তারিখের ৩৯১৭/১/এমকিউ-২/৩/এ নং প্লট নং পত্র। | ১১ এপ্রিল ২০২২ তারিখের ২৩.০১.৯০১.৮০ ০.০৩.০২৮.০১.১ ১.০৪.২২ নং পত্র। | ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১২৩২০ বর্গফুট বা ১৭.১১১ কাঠা জমি বিশিষ্ট ৩/এ নং প্লট ও প্লটে নির্মিত পুরাতন দোতলা বাড়ী সহ বিক্রয়/হস্তান্তরের অনুমতি |

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্রস্তাবিত ফ্ল্যাটগুলো নিম্নবর্ণিতভাবে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্র নং | ক্যান্টনমেন্ট বাজার এলাকা প্লট/ফ্ল্যাট নম্বর | বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম | ক্রেতা/গ্রহীতার নাম | ফ্ল্যাটের আয়নত ও অন্যান্য সুবিধাদি | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ১. | বাড়ী নং-৬৫, ফ্ল্যাট নং-এ/৪ (৫ম তলা দক্ষিণ), রোড নং-৭ | মিসেস সেলিনা চৌধুরী পিতা-মরহুম এম এ মালেক | মেজর মোঃ মাহবুবুল হক, পিতা-মরহুম মোঃ সিরাজুল হক, মাতা-মরহুমা খাদিজা হক | ফ্ল্যাটের আয়তন কমবেশী ১৫২৫ বঃফুঃ ০১টি ফ্ল্যাট নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ। | প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের ঘটনোত্তর অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। |
| ২. | বাড়ী নং-৪৩/ডি ফ্ল্যাট নং-এ/৪ (৫ম | জনাব নাসির উদ্দিন আহমেদ ব্যবস্থাপনা পরিচালক, মোহনা ডেভেলপমেন্টস লিঃ ও জনাব মাহমুদ হাসান, চেয়ারম্যান সানবীন | ব্রিগেঃ জেনাঃ মহাম্মদ সুমন রেজা, পিতা-এ | ফ্ল্যাটের আয়তন কমবেশী ২১০০ বঃফুঃ ০১টি ফ্ল্যাট নিচতলায় ০১(এক)টি | প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের ঘটনোত্তর অনুমতি প্রদানের সিদ্ধান্ত |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | তলা দক্ষিণ), রোড নং-৮ | বিল্ডার্স এন্ড ডেভেলপার্স লিঃ (জনাব গোলাম কবীর তালুকদার পিতা-মৃত মোহাম্মদ আলী তালুকদার এর নিযুক্তীয় আম-মোক্তার) | এস নুর মোহাম্মদ , মাতা-মোছাঃ আক্তার বানু | কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ। | গৃহীত হলো। |
| ৩. | বাড়ী নং-১৫/এ ফ্ল্যাট নং-৩/সি (৪র্থ তলা দক্ষিণ) রোড নং-৩ | জনাব মোঃ হাসান খুরশীদ পিতা-খোরশেদ উদ্দীন আহমেদ | ডাঃ লুৎফুন নাহার পিতা-মৃত মোঃ ইসমাইল হোসেন স্বামী-মেজর (অবঃ) এস এম রেজাউল করিম হুসাইনি | ফ্ল্যাটের আয়তন কমবেশী ১৭২০ বঃফুঃ ০১টি ফ্ল্যাট নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ। | প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি সিদ্ধান্ত গৃহীত হলো। |
| ৪. | বাড়ী নং-৩০/ই, ফ্ল্যাট নং-বি/৫ (৬ষ্ঠ তলা দক্ষিণ) রোড নং-৫ (নাজির রোড) | রোখাইয়া ওরফে রুকাইয়া ফতেহ আলী, স্বামী-মৃত ফতেহ আলী | জনাব মোঃ শরীফুল ইসলাম পিতা-নায়েক (অবঃ) মৃত নজরুল ইসলাম, মাতা-মোছাঃ সুফিয়া বেগম দিলরুবা (বেবি) . | ফ্ল্যাটের আয়তন কমবেশী ১৫৪৭ বঃফুঃ ফ্ল্যাট, বেজমেন্টে ০১(এক)টি কারপার্কিং (পার্কিং নং-পি-১৪) এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ। | প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি সিদ্ধান্ত গৃহীত হলো। |
| ৫. | বাড়ী নং- ২০ ফ্ল্যাট নং-এ/১ (২য় তলা-পূর্ব পার্শ্ব ভবন) রোড নং-৪ | মিসেস মেহেরুন নেছা বেগম, স্বামী-প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ | (১) জনাব মোঃ মাহছুদুর রহমান, পিতা-মরহুম সাগর আলী সরকার, মাতা-ছালেমা বেগম (২) শাহানাজ আক্তার পিতা-মোঃ আতিকুল্লাহ স্বামী- মোঃ মাহছুদুর রহমান | ফ্ল্যাটের আয়তন কমবেশী ১৭০০ বঃফুঃ ফ্ল্যা , বেজমেন্টে ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ। | প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি সিদ্ধান্ত গৃহীত হলো। |
| ৬. | বাড়ী নং- ৪৩/বি, ফ্ল্যাট নং-৪/সি (৪র্থ তলা) রোড নং-৯ | জনাব তৌহিদুল আনোয়ার ও জনাব শহিদুল আনোয়ার সর্বপিতা-মরহুম ডাঃ আনোয়ার হোসেন | ডাঃ সুফিয়া আক্তার, স্বামী-ব্রিগেঃ জেনাঃ আশরাফুল ইসলাম খান (অবঃ) | ফ্ল্যাটের আয়তন কমবেশী ১৪৬০ বঃফুঃ ফ্ল্যাট, নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ। | প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি সিদ্ধান্ত গৃহীত হলো। |
| ৭. | বাড়ী নং-৩/এ, (প্লট ও প্লটে নির্মিত দোতলা বাড়ী) রোড নং-১ (শহীদ বদিউজ্জামান রোড)। | (১)জনাব নাজমুদ্দিন আদম আলী (২) জনাব সোয়েব আদম আলী (৩) জনাব আব্বাসী আদম আলী (৪) জনাব মোস্তফা আদম আলী সর্বপিতা-আদম আলী | (১)জনাব আহমেদ ইব্রাহিম পিতা-ইব্রাহিম দাউদ মামুন (২)জনাব আনাস মামুন পিতা-বিলাল ডি মামুন | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১২৩২০ বর্গফুট বা ১৭.১১১ কাঠা জমি বিশিষ্ট ৩/এ নং প্লট ও প্লটে নির্মিত দোতলা বাড়ীসহ | প্রস্তাবিত ক্রেতাদ্বয়ের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি সিদ্ধান্ত গৃহীত হলো। |

আলোচ্যবিষয়-৭: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত ফ্ল্যাটসমূহ নামজারীর অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত:

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআইএর ছাড়পত্র/রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | বাড়ী নং-৩০/এফ, ফ্ল্যাট নং-৩/১ ,রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | জনাব মোঃ সাইফুল ইসলাম , পিতা-মরহুম আলহাজ্ব আবুল কাশেম বিশ্বাস বাড়ী নং-২৩, ফ্ল্যাট নং-৯, রোড নং-০৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | জনাব প্রদীপ কুমার বসাক পিতা-মৃত মনীন্দ্র লাল বসাক মাতা-শান্তি প্রভা বসাক বাড়ী নং-৩০/এফ, ফ্ল্যাট নং-৩/১, রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-১১/০১/২০২২ | ১৭ মে ২০২১ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩ .০২৮.০১.১৭.০৫.২১ নং পত্র। | ২৪ আগস্ট ২০২১ তারিখের ২৩.২২.৭০০১.০১ ৬.০৫.০০৫.২০১০. প্ল.৩০এফ.ফ্ল্যা.৩.১ -১০৭ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন কমবেশী ২২৭৫ বঃফুঃ ০১টি ফ্ল্যাট নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ নামজারী অনুমতি উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ২. | বাড়ী নং-৫৬, ফ্ল্যাট নং-২/এ(২য় তলা দক্ষিণ-পূর্ব) ,রোড নং-০৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | জনাব আর্কিটেক্ট আহমেদ রিয়াদ মোমেন, ব্যবস্থাপনা পরিচালক, মোমেন রিয়েল এষ্টেটস লিঃ (জনাব ইকবাল ইলিয়াছ সামী গং পিতা-মরহুম-ইলিয়াছ ইউসুফ সামী এর নিযুক্তীয় আম-মোক্তার) বাড়ী নং-১৫৮১, ইস্টার্ণ রোড , লেন-৪, ডিওএইচএস মাহাখলী, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | জনাব রাকিব হোসেন, পিতা-মোশারফ হোসেন দুলাল, বাড়ী নং-৫৬, ফ্ল্যাট নং-২/এ (২য়তলা দক্ষিণ-পূর্ব) রোড নং-৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-১১/০১/২০২২ | ১৮ সেপ্টেম্বর ২০১৪ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩ .০২৯.১০.১৭.০৯.১৪ নং পত্র। | ৩০ নভেম্বর ২০১৪ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃ এঃ/প্লট নং-৫৬/ফ্ল্যাট নং# ২/এ (২য়তলা-পূর্ব পার্শ্ব)/২১ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন কমবেশী ২০২২ বঃফুঃ ০১টি ফ্ল্যাট নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ নামজারী অনুমতি উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ৩. | বাড়ী নং-৩০/এফ, ফ্ল্যাট ২/১, রোড নং-৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | জনাব মুহাম্মদ ফারুক খান, পিতা-মরহুম সিরাজুল করিম খান, চেয়ারম্যান সামিট প্রপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) লিঃ, প্লট নং-১৫/সি, রোড নং-২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।, ঢাকা- | মিসেস মাহবুবা খানম স্বামী-মেজর (অবঃ) সরদার আবদুল মজিদ বাড়ী নং-৩০/এফ, ফ্ল্যাট নং-২/১ (২য়তলা উত্তর-পূর্ব) রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-০৭/০৩/২০২২ | ০৯ জানুয়ারি ২০০৬ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র। | ০৫ মার্চ ২০০৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃ এঃ/৩০/এফ/ফ্ল্যাট নং-২/১/৭ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন কমবেশী ২২৭৫ বঃফুঃ ০১টি ফ্ল্যাট নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ নামজারী অনুমতি উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪. | বাড়ী নং-৯, ফ্ল্যাট-এ/৫, রোড নং-১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | জনাব জামসেদ চৌধুরী, পিতা-মৃত ডাঃ মফিজ আলী মোহাম্মদ চৌধুরী ওরফে ডাঃ মফিজ চৌধুরী বাড়ী নং-৯, রোড নং-০১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।, ঢাকা-১২০৬। | জনাব মোহাম্মদ সাইমুর রহমান পিতা-মোহাম্মদ আবুল কাশেম, মাতা-মিসেস আক্তার জাহান, বাড়ী নং-৯, ফ্ল্যাট নং-এ/৫ (৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব) রোড নং-১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-১১/০১/২০২২ | ১৭ ডিসেম্বর ২০২০ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩.০২৮.০১.১৭.১২.২০ নং পত্র। | ০৬ এপ্রিল ২০২১ তারিখের ২৩.২২.৭০০১.০১৬.০৫.০০৫.২০২০.প্র.৯.ফ্ল্যা.এ৫.বি৫-৩০৩ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন কমবেশী ২০৯৬ বঃফুঃ ০১টি ফ্ল্যাট নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ নামজারী অনুমতি উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ৫. | বাড়ী নং-৯, ফ্ল্যাট-বি/৫, রোড নং-১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | জনাব জামসেদ চৌধুরী, পিতা-মৃত ডাঃ মফিজ আলী মোহাম্মদ চৌধুরী ওরফে ডাঃ মফিজ চৌধুরী বাড়ী নং-৯, রোড নং-০১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।, ঢাকা-১২০৬। | জনাব মোহাম্মদ সাইমুর রহমান পিতা-মোহাম্মদ আবুল কাশেম, মাতা-মিসেস আক্তার জাহান, বাড়ী নং-৯, ফ্ল্যাট নং-বি/৫ (৬ষ্ঠ তলা দক্ষিণ-পূর্ব) রোড নং-১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-১১/০১/২০২২ | ১৭ ডিসেম্বর ২০২০ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩.০২৮.০১.১৭.১২.২০ নং পত্র। | ০৬ এপ্রিল ২০২১ তারিখের ২৩.২২.৭০০১.০১৬.০৫.০০৫.২০২০.প্র.৯.ফ্ল্যা.এ৫.বি৫-৩০৩ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন কমবেশী ২১০২ বঃফুঃ ০১টি ফ্ল্যাট নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ নামজারী অনুমতি উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্রস্তাবিত ফ্ল্যাটগুলো নিম্নবর্ণিতভাবে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর | বিক্রেতা/দাতার নাম | গ্রহীতা/ক্রেতার নাম | ফ্ল্যাটের আয়তন ও অন্যান্য সুবিধাদি | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ১. | বাড়ী নং-৩০/এফ, ফ্ল্যাট নং-৩/১ রোড নং-০৪ | জনাব মোঃ সাইফুল ইসলাম, পিতা-মরহুম আলহাজ্ব আবুল কাশেম বিশ্বাস | জনাব প্রদীপ কুমার বসাক, পিতা-মৃত মনীন্দ্র লাল বসাক মাতা-শান্তি প্রভা বসাক | ফ্ল্যাটের আয়তন কমবেশী ২২৭৫ বঃফুঃ, নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ। | রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা জনাব প্রদীপ কুমার বসাক পিতা-মৃত মনীন্দ্র লাল বসাক মাতা-শান্তি প্রভা বসাক এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |
| ২. | বাড়ী নং-৫৬, ফ্ল্যাট নং-২/এ(২য় তলা দক্ষিণ-পূর্ব) রোড নং-০৭ | জনাব আর্কিটেক্ট আহমেদ রিয়াদ মোমেন, ব্যবস্থাপনা পরিচালক, মোমেন রিয়েল এষ্টেটস লিঃ (জনাব ইকবাল ইলিয়াছ সামী গং পিতা-মরহুম-ইলিয়াছ ইউসুফ সামী এর নিযুক্তীয় আম-মোক্তার) | জনাব রাকিব হোসেন পিতা-মোশারফ হোসেন দুলাল | ফ্ল্যাটের আয়তন কমবেশী ২০২২ বঃফুঃ, নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ। | রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা জনাব রাকিব হোসেন, পিতা-মোশারফ হোসেন এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |
| ৩. | বাড়ী নং-৩০/এফ ফ্ল্যাট ২/১, রোড নং-৪ | জনাব মুহাম্মদ ফারুক খান, পিতা-মরহুম সিরাজুল করিম খান | মিসেস মাহবুবা খানম স্বামী-মেজর (অবঃ) সরদার আবদুল মজিদ | ফ্ল্যাটের আয়তন কমবেশী ২২৭৫ বঃফুঃ, নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ। | রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা মিসেস মাহবুবা খানম স্বামী-মেজর (অবঃ) সরদার আবদুল মজিদ এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |
| ৪. | বাড়ী নং-৯, ফ্ল্যাট-এ/৫, রোড নং-১ | জনাব জামসেদ চৌধুরী, পিতা-মৃত ডাঃ মফিজ আলী মোহাম্মদ চৌধুরী ওরফে ডাঃ মফিজ চৌধুরী | জনাব মোহাম্মদ সাইমুর রহমান পিতা-মোহাম্মদ আবুল কাশেম, মাতা-মিসেস আক্তার জাহান | ফ্ল্যাটের আয়তন কমবেশী ২০৯৬ বঃফুঃ, নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ। | রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা জনাব মোহাম্মদ সাইমুর রহমান, পিতা-মোহাম্মদ আবুল কাশেম এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |
| ৫. | বাড়ী নং-৯, ফ্ল্যাট-বি/৫, রোড নং-১ | জনাব জামসেদ চৌধুরী, পিতা-মৃত ডাঃ মফিজ আলী মোহাম্মদ চৌধুরী ওরফে ডাঃ মফিজ চৌধুরী | জনাব মোহাম্মদ সাইমুর রহমান পিতা-মোহাম্মদ আবুল কাশেম, মাতা-মিসেস আক্তার জাহান | ফ্ল্যাটের আয়তন কমবেশী ২১০২ বঃফুঃ, নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ | রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা জনাব মোহাম্মদ সাইমুর রহমান, পিতা-মোহাম্মদ আবুল কাশেম এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |

আলোচ্যবিষয়-৮: ঢাকা সেনানিবাসস্থ ২১৭৮০ বর্গফুট বা ৩০.২৫ কাঠা জমি বিশিষ্ট ৩০/১০/এ নং প্লটটি রূপালী ব্যাংক লিমিটেড এর নামে ৩০(ত্রিশ) বছর মেয়াদে লীজ প্রদান করা হয়েছে। উক্ত লীজের ২য় ৩০(ত্রিশ) বছর মেয়াদ আগামী ১৭/০৪/২০২৩ তারিখে উত্তীর্ণ হবে বিধায় লীজ নবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ঢাকা সেনানিবাসস্থ ২১৭৮০ বর্গফুট বা ৩০.২৫ কাঠা জমি বিশিষ্ট ৩০/১০/এ নং প্লটটি ০৯/০৮/১৯৬৩ তারিখে স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড ৩০(ত্রিশ) বছর মেয়াদে ইজারা প্রদান করা হয়। যা ৯০ (নব্বই) বছর পর্যন্ত নবায়নযোগ্য মর্মে উল্লেখ রয়েছে। প্রথম ৩০(ত্রিশ) বছর মেয়াদ উত্তীর্ণের প্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০৫/০১/১৯৯৮ তারিখের ১ই-২/ডি-৯/৯৭/২ নং পত্রে মাধ্যমে উক্ত প্লটটি সাবেক স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ তথা বর্তমানে রূপালী ব্যাংক লিমিটেড ইজারা প্রদত্ত ৩০/১০/এ নং প্লটের ইজারা মেয়াদ ৫০% খাজনা বৃদ্ধি করতঃ/আদায় সাপেক্ষে ২৯/৩/১৯৯২ তারিখ হতে পুনরায় ৩০(ত্রিশ) বছরের জন্য ইজারা মেয়াদ বৃদ্ধি করার অনুমোদন প্রদান করে।

পরবর্তীতে ক্যান্টনমেন্ট বোর্ডের ২৪ জুন ২০০৪ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৩০/১০-এ/৫০ নং পত্রের মাধ্যমে ইজারা নবায়ন দলিল রেজিস্ট্রি করার অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ০৪/৯/২০০৪ তারিখে সিডিউল-৪ মোতাবেক ১৩৭৬৩ নং লীজ নবায়ন দলিল সম্পাদন করা হয়। উক্ত প্লটের ২য় ইজারা মেয়াদ ১৭/৪/২০২৩ তারিখে উত্তীর্ণ হবে মর্মে পরবর্তী ৩০(ত্রিশ) বছর মেয়াদ নবায়নের অনুমোদনের জন্য রূপালী ব্যাংক লিমিটেড এর ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও জনাব মোঃ ওবায়েদ উল্লাহ আল মাসুদ প্রতিরক্ষা মন্ত্রণালয়ে ২৯/১/২০২১ তারিখে আবেদন করেন। উক্ত আবেদনপত্রটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১৬ জানুয়ারি ২০২২ তারিখের ২৩.০০.০০০০.০৯০. ৯৯.০৩.২১ নং পত্র এবং সামরিক ভূমি ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয় এর ০৮/০০১/২০২২ তারিখের পত্রের মাধ্যমে অত্র দপ্তরে প্রেরণ করা হয়েছে। উক্ত প্লটটির ইজারা নবায়নের বিষয়ে অত্র দপ্তরের ২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ২৩.২২.৭০০১.০১৬.৪০.০৪০.৯৮-২৮৭ নং পত্রের মাধ্যমে ক্যান্টনমেন্ট বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত চাওয়া হলে তিনি নিম্নোক্তভাবে মতামত প্রদান করেছেন :

> *"ঢাকা সেনানিবাসের অভ্যন্তরে প্লট নং-৩০/১০/এ ২১৭৮০ বর্গফুট আয়তন বিশিষ্ট ভূমি ১৭/৪/১৯৬৩ ইং সনে রূপালী ব্যাংক লিমিটেড এর বরাবরে ৩০ বছরের জন্য নবায়নযোগ্য লীজ প্রদান করা হয়। পরবর্তীতে ৩০ বছরের প্রথম মেয়াদ উত্তীর্ণ হইলে উক্ত লীজের মেয়াদ আরো ৩০ বছরের জন্য নবায়ন করা হয়। বর্তমানে সর্বশেষ ৩০ বছরের জন্য নবায়ন করার আবেদন জানাইয়াছে রূপালী ব্যাংক লিমিটেড। উল্লেখ্য উক্ত মেয়াদ উত্তীর্ণ হইলে লীজটি স্থায়ী লীজের রূপ লাভ করিবে।*
>
> *বোর্ড মূলত: নিজে এইরূপ চুক্তি নবায়নের একক ক্ষমতা ভোগ করিবেনা এবং এইক্ষেত্রে বোর্ডসভার অনুমোদন গ্রহণক্রমে সরকারের অনুমোদনের জন্য প্রেরণ করিবে অত:পর অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে যথাযথ পাওনাদি আদায় ক্রমে লীজ চুক্তি নবায়ন করিতে পারিবে।"*

উল্লেখ্য, উক্ত প্লটটির আয়তন ৩০.২৫ কাঠা। উক্ত প্লটে নির্মিত দোতলা ভবনের মোট আয়তন ১৫৮৬৩ বর্গফুট। বার্ষিক গৃহকর ৩,৫৬,৯১৮/-(তিন লক্ষ ছাপ্পান্ন হাজার নয়শত আঠার) টাকা যা জুন ২০২১ পর্যন্ত পরিশোধ আছে। এমতাবস্থায় উক্ত প্লটের ইজারা মেয়াদ বৃদ্ধি/নবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

**সিদ্ধান্ত:** প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে সেনানিবাসের নিজস্ব প্রয়োজনে জমির স্বল্পতার কারণে ঢাকা সেনানিবাসস্থ ৩০/১০/এ নং প্লটের ইজারা নবায়ন না করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি রূপালী ব্যাংক লিমিটেড কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

**আলোচ্যবিষয়-৯:** ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯০০ বর্গফুট আয়তন বিশিষ্ট সাবেক-১৩ হালে ৯৮ নং প্লটের ৩য় মেয়াদে ৩০(ত্রিশ) বছর মেয়াদে ইজারা নবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

**আলোচনা:** ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯০০ বর্গফুট বা ১.২৫ কাঠা জমি বিশিষ্ট সাবেক-১৩, হালে ৯৮ নং প্লটটি ১৮/৪/১৯৬২ তারিখ হতে ৩০(ত্রিশ) বছর নবায়নযোগ্য ৯০(নব্বই) বছর মেয়াদে জনাব মোঃ এস এম আকবর পিতা-সৈয়দ গোলাম আকবর এর নামে ১২৯৭৫ নং লীজ দলিল সম্পাদন করা হয়। পরবর্তীতে উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি বেগম কানিজ আয়েশা, স্বামী-মরহুম এ এস মোশারাফুল হক এর নিকট হস্তান্তর করা হয়। অত:পর উক্ত প্লটের প্রথম ৩০(ত্রিশ) বছর ইজারা মেয়াদ ১৭/৪/১৯৯২ তারিখে উত্তীর্ণ হওয়ায় বেগম কানিজ আয়েশা, স্বামী-মরহুম এ এস মোশারাফুল হক এর আবেদনের প্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০১ অক্টোবর ২০০৩ তারিখের ১ই-৬/২০০/ডি-৯/৪৯৭ নং পত্রে ১৭/৪/২০১৯২ তারিখ হতে ৩০(ত্রিশ) বছর ইজারা মেয়াদ নবায়নের অনুমোদন করা হয়। বেগম কানিজ আয়েশা উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটিতে ভোগদখল থাকা অবস্থায় মিসেস আয়েশা আক্তার (লিলি), স্বামী-হাজী মোঃ আব্দুল মতিন এর নিকট ১৯/৬/২০০৮ তারিখে ৫০৪০ নং দলিল মূলে বিক্রয় করেন এবং অত্র দপ্তরের ১৩/৮/২০০৮ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৯৮/২১৭ নং পত্রে মিসেস আয়েশা আক্তার (লিলি), স্বামী-হাজী মোঃ আব্দুল মতিন এর নামে নামজারী করা হয়। উক্ত প্লটের ইজারা মেয়াদ আগামী ১৭/০৪/২০২২ তারিখে উত্তীর্ণ হবে বিধায় ইজারা মেযাদ বৃদ্ধির জন্য উক্ত প্লট ও প্লটে নির্মিত দোতলা বাড়ীর মালিক মিসেস আয়েশা আক্তার (লিলি), স্বামী-হাজী মোঃ আব্দুল মতিন ০২/১১/২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। ইজারা মেয়াদ বৃদ্ধির বিষয়ে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত চাওয়া হলে লীজের বর্তমান মেয়াদ উত্তীর্ণ হওয়ায় পর আরো ৩০(ত্রিশ) বছর মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে তবে এইক্ষেত্রে বোর্ডসভার অনুমোদনক্রমে সরকারের অনুমোদন প্রয়োজন রয়েছে মর্মে মতামত প্রদান করেছেন। এমতাবস্থায়, ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯০০ বর্গফুট আয়তন বিশিষ্ট সাবেক-১৩ হালে ৯৮ নং প্লটের ৩য় মেয়াদে ৩০(ত্রিশ) বছর মেয়াদে ইজারা নবায়ন বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

**সিদ্ধান্ত:** ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ৩০ বছর মেয়াদে ইজারাকৃত প্লটসমূহের তালিকাসহ উক্ত প্লটের ইজারা নবায়নের আইনগত নির্দেশনাসহ একটি প্রতিবেদন প্রস্তুত করে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করার জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলোঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ ওমর ফরুক<br>রেভিনিউ অফিসার গ্রেড-১, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সভাপতি |
| (২) | তাজিনা তামান্না খানম পিংকি<br>সহকারী প্রকৌশলী (সিভিল), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) | জনাব মোঃ আব্দুল আলীম<br>ট্যাক্স ক্লার্ক, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

আলোচ্যবিষয়-১০: ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০৮৯০ বর্গফুট বা ১৫.১২৫ কাঠা জমি বিশিষ্ট ০২ নং প্লটটি ০২টি প্লটে বিভাজন করার অনুমতির আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহীদ সরণিস্থ ১০৮৯০ বর্গফুট বা ১৫.১২৫ কাঠা জমি বিশিষ্ট ০২ নং প্লট ও প্লটে নির্মিত দোতলা বাড়ীর ক্রয়সূত্রে যৌথ মালিক (১) জনাব মোঃ শরীফ চৌধুরী ও (২) জনাব মোঃ নাঈম চৌধুরী, উভয়ের পিতা-আঃ গাফফার চৌধুরী। উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীর যৌথ মালিক প্লটটি ০২টি প্লটে পৃথকীকরণ/বিভাজন করার অনুমতি চেয়ে ১২/১০/২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। আবেদনের বিষয়ে অত্র দপ্তরের প্রকৌশল শাখায় মতামতের জন্য নথি প্রেরণ করা হলে প্লটটি বিভাজন করার বিষয়ে বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত গ্রহণ করা প্রয়োজন মর্মে জানান। তৎপ্রেক্ষিতে নথিটি বিজ্ঞ আইন উপদেষ্টার নিকট প্রেরণ করা হলে আবেদনের সাথে হলফনামা এবং অন্যান্য কাগজাদি সঠিক আছে এবং প্লট বিভাজনে আইনগত কোন বাধা নেই মর্মে মতামত প্রদান করেন। উল্লেখ্য, ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্লট বিভাজন নীতিমালা, ২০০৯ অনুযায়ী ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ইজারা প্রদত্ত ৬৪০ বর্গগজের কম আয়তনের জমি/প্লট বিভাজন করা যাবে না এবং বিভাজিত প্লট ৩২০ বর্গগজের কম হবে না মর্মে উল্লেখ রয়েছে। প্লট বিভাজনের অনুমতি ফি ২৮৮০ বর্গগজ পর্যন্ত ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা এবং ২৮৮১ হতে তদূর্ধ্ব ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা নির্ধারিত রয়েছে উক্ত প্রস্তাব বোর্ডসভায় অনুমোদনপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে। এমতাবস্থায় উক্ত প্লটটি বিভাজনের অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: যৌথ মালিকগণের শুনানী গ্রহণ করে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১১: ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৫৩ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক জনাব এম এ কাশেম মৃত্যুবরণ করায় তাঁর ০৪(চার) জন ওয়ারিশের নামে উত্তরাধিকারসূত্রে নামজারীর আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৫৩ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক জনাব এম এ কাশেম, পিতা-হাজী মোঃ নিয়ামত উল্লাহ্। প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক জনাব এম এ কাশেম ০৬/০৩/২০০০ তারিখে মৃত্যুবরণ করেছেন এবং মৃত্যুকালে তিনি মোট ০৪(চার) জন ওয়ারিশ যথাক্রমে (১) রেহানা খানম (২) সরোয়ার কামাল (৩) সাইফুল কামাল ও (৪) সিরাজুল কামাল, সর্বপিতা-মোঃ আবুল কাশেম (এম এ কাশেম) রেখে গেছেন মর্মে আবেদনে জানিয়েছেন। উক্ত উত্তরাধিকারগণ প্লট ও প্লটে নির্মিত বাড়টি তাঁদের নামে নামজারী করার জন্য ০২/০৩/২০২২ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উক্ত নামজারীর আবেদনের বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত চাওয়া হলে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৩ নং বাড়ীর মালিক জনাব এম এ কাশেমের মৃত্যুতে তার উত্তরাধিকারীগণের যৌথনামে নামজারীতে কোন আইনগত বাধা নেই মর্মে মতামত প্রদান করেছেন। এমতাবস্থায় উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি উত্তরাধিকারীগণের যৌথনামে নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে উত্তরাধিকারসূত্রে ওয়ারিশগণের নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১২: রজনীগন্ধা সুপার মার্কেটের জামে মসজিদের ২য় তলায় বিদ্যমান মোহাম্মদিয়া আরাবিয়া হাফিজিয়া মাদ্রাসা ও এতিম খানায় নিয়োজিত শিক্ষক/কর্মচারীদের ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত অনুদান বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: রজনীগন্ধা সুপার মার্কেটের জামে মসজিদের ২য় তলায় বিদ্যমান মোহাম্মদিয়া আরাবিয়া হাফিজিয়া মাদ্রাসা ও ইয়াতিম খানায় নিয়োজিত শিক্ষক/কর্মচারীদের ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত অনুদান মাসিক ২০,০০০/-(বিশ হাজার) টাকার হারে ১২(বার) মাসের জন্য কালীন (২০,০০০×১২)=২,৪০,০০০/-(দুই লক্ষ চল্লিশ হাজার) টাকা প্রদান করা হয়। উক্ত অনুদান বৃদ্ধির জন্য শিক্ষক/কর্মচারীগণ আবেদন করেন। আবেদনপত্রটি ০২/০২/২০২২

তারিখে অনুষ্ঠিত মাদ্রাসা কমিটির সভায় উপস্থাপন করা হলে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্তমান বাজারে দ্রব্যমূল্য বৃদ্ধির বিষয়টি বিবেচনা করে মাসিক ২০,০০০/-(বিশ হাজার) টাকার স্থলে ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা অর্থাৎ ১২(বার) মাসের জন্য এককালীন (৩০,০০০×১২)=৩,৬০,০০০/-(তিন লক্ষ ষাট হাজার) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডসভায় অনুমোদন গ্রহণ সাপেক্ষে অনুদান দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এমতাবস্থায় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত অনুদান মাসিক ২০,০০০/-টাকার স্থলে ৩০,০০০/-টাকা বৃদ্ধি করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: রজনীগন্ধা সুপার মার্কেটের জামে মসজিদের ২য় তলায় বিদ্যমান মোহাম্মদিয়া আরাবিয়া হাফিজিয়া মাদ্রাসা ও এতিম খানায় নিয়োজিত শিক্ষক/কর্মচারীদের ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত অনুদান ২০,০০০/- (বিশ হাজার) টাকা হতে বৃদ্ধি করে মাসিক ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা হারে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যবিষয়-১৩: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ০৪(চার)টি দোকান ইজারার প্রাপ্ত দর ভূতাপেক্ষ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের দোকান/স্পেসসমূহ ইজারা প্রদানের নিমিত্ত ১০/০২/২০২২ তারিখে প্রকাশ্য নিলাম আহবান করা হলে উক্ত তারিখে নিলামে অংশ গ্রহণকারীগণের মধ্যে নিম্নে বর্ণিত ০৪টি দোকানের পার্শ্বে বর্ণিত ডাককারী প্রতিবর্গফুটের জন্য সর্বোচ্চ ডাককারী হিসেবে বিবেচিত হয় এবং উক্ত ডাককারী সমুদয় সালামী এককালীন পরিশোধের মাধ্যমে ১০% রিবেট সুযোগ গ্রহণ করতে ইচ্ছুকঃ

| ক্র/ নং | তলা ও দোকান নং | দোকানের আয়তন | সর্বোচ্চ ডাককারীর নাম | সরকারী দর প্রতিবর্গফুট | প্রকাশ্য ডাকের মাধ্যমে সর্বোচ্চ দর প্রতিবর্গফুট | মোট দর |
|---|---|---|---|---|---|---|
| ১. | ৪র্থ তলা-০৬ | ১৪৩.৬৬ | শেখ রুবাইয়া আহমেদ<br>স্বামী- উইং কমান্ডার মোঃ সাইফুর রহমান | ১৪,৫০০/- | ১৪,৬০০/- | ২০,৯৭,৪৩৬/- |
| ২. | ৪র্থ তলা-১৮ | ১২৮.৫০ | মোহাম্মদ মানজুরুল হক<br>পিতা-মোহাম্মদ শামছুল হক | ১৪,৫০০/- | ১৪,৬০০/- | ১৮,৭৬,১০০/- |
| ৩. | ৬ষ্ঠ তলা-১০ | ১১১.৩১ | লেঃ কর্ণেল মোঃ রওশনুল করিম (অবঃ)<br>পিতা- এ কে এম ওসমান গনী | ১২,০০০/- | ১২,১০০/- | ১৩,৪৬,৮৫১/- |
| ৪. | ৭ম তলা-২৭ | ২৫১.০০ | সৈয়দ আবু বকর সিদ্দিক<br>পিতা- এস এ খালেক | ১২,০০০/- | ১২,১০০/- | ৩০,৩৭,১০০/- |

এমতাবস্থায়, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের উপরোক্ত দোকান/স্পেসসমূহ ইজারা প্রদানের নিমিত্ত নিলাম ডাকের সর্বোচ্চ দর এবং উক্ত দরের সমুদয় সালামী নীতিমালা মতে এককালীন পরিশোধের মাধ্যমে ১০% রিবেট সুযোগ প্রদানের বিষয়ে প্রেসিডেন্ট, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদন করায় চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এমতাবস্থায়, ভূতাপেক্ষ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৪র্থ তলা-০৬, ৪র্থ তলা-১৮, ৬ষ্ঠ তলা-১০ ও ৭ম তলা-২৭ সহ মোট ০৪(চার)টি দোকান ইজারার নিমিত্ত প্রাপ্ত দর ভূতাপেক্ষ অনুমোদনের সিদ্ধান্ত হয়। সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-১৪: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৬ষ্ঠ তলার-১৪ নং দোকানের জামানত ফেরত প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৬ষ্ঠ তলার-১৪ নং দোকানটি ইজারা প্রদানের নিমিত্ত পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ৩০/১২/২০২০ তারিখে দরপত্র আহবান করা হলে জনাব মোঃ রোমেল আরাফাত, পিতা-মোঃ এমদাদুল হক কর্তৃক প্রদত্ত মোট ১২,৭১,১২৫/-(বার লক্ষ একাত্তর হাজার একশত পঁচিশ) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত সমুদয় টাকা ০৮(আট) কিস্তিতে পরিশোধ করার জন্য অত্র দপ্তরের ২৯/০৩/২০২১ তারিখের ২৩.২২. ৭০০১. ১৬.০২২.২২.২০মিডিশক.৭ম.১৪-২৩৭ নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়। পরবর্তীতে অত্র দপ্তরের ১২/০৫/২০২১ তারিখের ২৩.২২.৭০০১.১৬.০২২.২২.২০.মিশক.৬ষ্ঠ.১৪-৪৬১ নং পত্রের মাধ্যমে উক্ত সালামীর অর্থ একাকালীন পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে সর্বোচ্চ ডাককারী জনাব মোঃ রোমেল আরাফাত ২৩/০২/২০২২ তারিখে আবেদনে উক্ত সালামীর অর্থ ০৮(আট) কিস্তিতে পরিশোধ করার কথা থাকলেও সমুদয় টাকা এককালীন পরিশোধ করার জন্য বলা হয়েছে যাহা তাঁর পক্ষে সম্ভব নয় মর্মে জামানত হিসেবে জমাকৃত ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ফেরত প্রদানের জন্য অনুরোধ করেছেন। এমতাবস্থায় উক্ত দোকানের ইজারা ডাক বাতিল করত: জামানত হিসেবে জমাকৃত ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ফেরত প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৬ষ্ঠ তলার-১৪ নং দোকানের ইজারা গ্রহীতাকে দরপত্রের শর্তানুযায়ী কিস্তিতে মূল্য পরিশোধের সুযোগ প্রদান না করায় এবং উক্ত দোকান ইতোমধ্যে অন্যত্র বিক্রি হয়ে যাওয়ায় জনাব মোঃ রোমেল আরাফাত, পিতা-মোঃ এমদাদুল হক জমাকৃত নিরাপত্তা জামানত ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যবিষয়-১৫: মিরপুর ডিওএইচএস এলাকার ৪৫৬ নং বাড়ীর গৃহকর নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মিরপুর ডিওএইচএস এলাকার ৪৫৬ নং বাড়ীর মালিক মেজর জেনারেল হুমায়ুন খালেদ, পিএসসি। অত্র দপ্তরের ২৭/১০/২০০৮ তারিখের ঢাক্যাবো/প্লট নং-৪৫৫/মিরপুর ডিওএইচএস/১২ নং পত্রে উক্ত প্লটে ০৬(ছয়) তলা ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হয়। পরবর্তীতে অত্র দপ্তরের ১৫/০৭/২০১২ তারিখের ঢাক্যাবো/প্লট নং-৪৫৫/ডিওএইচএস মিরপুর ডিওএইএস/১৮ নং পত্রে সংশোধিত ০৭(সাত) তলা ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হয়। উক্ত নির্মিত বাড়ীর গৃহকর নির্ধারণের জন্য পত্র প্রদান করা হলে বাড়ীর মালিক মেজর জেনারেল হুমায়ুন খালেদ, পিএসসি ১০/১১/২০২১ তারিখের আবেদনে ২০১৪/২০১৫ সালে শুধুমাত্র ২য় তলার অর্ধেক ইউনিটের কাজ এবং ৭ম তলার ছাদ পর্যন্ত ঢালাই শেষ করেন এবং ২০২১ সালের ফেব্রুয়ারি মাসে সম্পূর্ণভাবে নির্মাণ কাজ সম্পন্ন করেন মর্মে জানান এবং নির্মিত বাড়ীর গৃহকর ২০২০ সাল হতে ধার্য করার জন্য অনুরোধ করেন। এমতাবস্থায়, মিরপুর ডিওএইচএস এলাকার ৪৫৫ নং বাড়ীর গৃহকর নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর ৪৫৬ নং বাড়ীর গৃহকর জুলাই, ২০২০ হতে ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। তবে এ বিষয়ে অত্র দপ্তরের রাজস্ব শাখা কর্তৃক সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন দালিখ করতে হবে।

আলোচ্যবিষয়-১৬: ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্ত নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত:-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও/ রাজস্ব শাখার ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | (ক) লেঃ কর্ণেল শফিউল আলম (অবঃ)<br>(খ) লেঃ কর্ণেল সৈয়দা শামসুন নাহার (অবঃ) | ১৫০ | মিরপুর ডিওএইচএস | ২৮/০৩/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ২। | (ক) ব্রিগেঃ জেনারেল মোঃ হাবিবুর রহমান (অবঃ)<br>(খ) মেজর মোঃ আতিয়ার রহমান (অবঃ) | ৫৩৩<br>৫৩৫ | মিরপুর ডিওএইচএস | ০৩/০৩/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ৩। | লেঃ কর্ণেল হাসান রায়হান রাব্বী (অবঃ) | ৫৫০ | মিরপুর ডিওএইচএস | ১৯/০১/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে)। |
| ৪। | লেঃ কর্ণেল মোহাম্মদ আব্দুস সালাম (অবঃ) | ৭৫২ | মিরপুর ডিওএইচএস | ২৩/০২/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ৫। | (ক) লেঃ কর্ণেল মকবুল কাদের (অবঃ)<br>(খ) ব্রিগেঃ জেনাঃ মোঃ আবু বকর সিদ্দিক (অবঃ) | ৭৭১/এ<br>৭৭২/এ | মিরপুর ডিওএইচএস | ৩১/০১/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ৬। | লেঃ কর্ণেল মোঃ খোরশেদ (অবঃ) | ৭৭৪ | মিরপুর ডিওএইচএস | ২৭/০২/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ৭। | এয়ার কমডোর শাহে আলম (অবঃ) | ৮৬৪ | মিরপুর ডিওএইচএস | ২৩/০২/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ৮। | মোঃ আতোয়ার হোসেন | ৯০১ | মিরপুর ডিওএইচএস | ৩০/০১/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ৯। | ইঃ কমান্ডার মোঃ নাছির উদ্দিন (অবঃ) | ৯২১ | মিরপুর ডিওএইচএস | ১৪/০৩/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১০। | লেঃ কর্ণেল মোঃ আতিকুর রহমান (অবঃ) | ৯৪০ | মিরপুর ডিওএইচএস | ০৭/০৩/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১১। | কমান্ডার মোঃ আলজার হোসেন (অবঃ) | ৯৬৫ | মিরপুর ডিওএইচএস | ২০/০৩/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১২। | কর্ণেল মোঃ রুস্তম আলী (অবঃ) | ৯৮৫ | মিরপুর ডিওএইচএস | ২৭/০৩/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩। | লেঃ কর্ণেল জুলফিকার আলী ফারুকী (অবঃ) | ১০৬১ | মিরপুর ডিওএইচএস | ০৮/০২/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১৪। | কর্ণেল মোঃ কামরুল হাসান, বিপি (অবঃ) | ১০৯২ | মিরপুর ডিওএইচএস | ২৮/০৩/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১৫। | মেজর মোঃ হেলাল-ই-ইসলাম (অবঃ) | ১১৬৮ | মিরপুর ডিওএইচএস | ২৭/০৩/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১৬। | লেঃ কর্ণেল মোহাম্মদ মারগুব আহমেদ (অবঃ) | ১১৭১ | মিরপুর ডিওএইচএস | ১৪/০৩/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১৭। | ব্রিগেঃ জেনারেল সোহেল আহমেদ (অবঃ) | ১১৯৩ | মিরপুর ডিওএইচএস | ২৭/০৩/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১৮। | শামীমা পারভীন গং | ১২১৪ | মিরপুর ডিওএইচএস | ০৭/০৩/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১৯। | মোঃ আলাউদ্দিন | ১২৯২ | মিরপুর ডিওএইচএস | ১৯/০১/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন |
| ২০। | কমান্ডার মুহাম্মদ রেজাউল করিম | ১৩০০ | মিরপুর ডিওএইচএস | ২৭/০৩/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ২১। | মেজর মোঃ আজিজুর রহমান (অবঃ) | ১৩৫৪ | মিরপুর ডিওএইচএস | ৩১/০১/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ২২। | কর্ণেল মোঃ হাসান রেজা (অবঃ) | ১৩৫৮ | মিরপুর ডিওএইচএস | ২৭/০৩/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ২৩। | মিসেস জোবায়দা খানম | বি/১৭৭ | মহাখালী ডিওএইচএস | ০৬/০২/২০২২ | বেজমেন্টসহ সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ২৪। | (ক) জেনারেল মোহাম্মদ আব্দুল মুবীন,এসবিপি, এনডিসি, পিএসসি (অবঃ) (খ) সৈয়দ ইরশাদ আলী ও সৈয়দা ফয়েজ আফজা | ১৬৬ | বারিধারা ডিওএইচএস | ০৭/০৩/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (আর্কিটেকচারাল ও স্ট্রাকচারাল নকশা পরিবর্তন-খালি প্লট) |
| ২৫। | কমডোর সৈয়দ মোঃ কলিমুল্লাহ (অবঃ) | ৩১৯ | মিরপুর ডিওএইচএস | ১৭/০১/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা) |
| ২৬। | মেজর জেনারেল আবুল কালাম মোহাম্মদ হুমায়ুন কবির (অবঃ) | ৪৯৮ | মিরপুর ডিওএইচএস | ২৩/০২/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা) |
| ২৭। | এয়ার ভাইস মার্শাল মাহমুদ হোসেন | ৭৫৬ | মিরপুর ডিওএইচএস | ২৩/০২/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা) |
| ২৮। | মেজর সৈয়দ মোঃ আলী জাহিদ (অবঃ) | ১০৪৯ | মিরপুর ডিওএইচএস | ২৩/০২/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা আংশিক ১৩০ বর্গমিটার) |
| ২৯। | ব্রিগেঃ জেনারেল এ টি এম জিয়াউল হাসান (অবঃ) | ১০৯৮ | মিরপুর ডিওএইচএস | ২৩/০২/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা) |
| ৩০। | লেঃ কর্ণেল মোঃ আবু তাসনিম (অবঃ) | ১১৯৬ | মিরপুর ডিওএইচএস | ৩১/০১/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা) |
| ৩১। | লেঃ কর্ণেল মো রেজয়ানুল হক (অবঃ) | ১৩২৮ | মিরপুর ডিওএইচএস | ২০/০৩/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩২। | মিসেস আয়মান আনাম খান<br>স্বামী-ব্রিগেঃ জেনারেল শাহেদুল আনাম খান (অবঃ) | ২১১ | মহাখালী ডিওএইচএস | ২০/০১/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আংশিক) |
| ৩৩। | কর্ণেল মোঃ জাহাঙ্গীর আলম (অবঃ) | ৩৪৮ | বারিধারা ডিওএইচএস | ১৫/০৩/২০২২ | সংশোধিত ০৬(ছয়) তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা-আংশিক) |
| ৩৪। | এয়ার ভাইস মার্শাল এম রফিকুল ইসলাম (অবঃ) | ৪৯৬ | বারিধারা ডিওএইচএস | ১৫/০৩/২০২২ | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| ৩৫। | মেজর মোঃ আকবর হোসেন | ১৬০ | মিরপুর ডিওএইচএস | ১৯/০১/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (আভ্যন্তরীন পরিবর্তন) ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম এক ইউনিট এবং ৮ম তলায় দুই ইউনিট । নিচতলায় ৮টি পার্কিং এর অবস্থান পরিবর্তন দেখানো হয়েছে। |
| ৩৬। | ব্রিগেঃ জেনারেল মোঃ মেহেদী হাসান প্রমানিক (অবঃ) | ৭২০ | মিরপুর ডিওএইচএস | ২৩/০২/২০২২ | সংশোধিত ০৭(সাত) তলা (আভ্যন্তরীন পরিবর্তন)- ৩য় তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট এবং ৪র্থ তলায় দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট। |
| ৩৭। | কমডোর আবু নসর মোহাম্মদ রেজাউল হক (অবঃ) | ৮৮৬ | মিরপুর ডিওএইচএস | ০৩/০৩/২০২২ | সংশোধিত ০৭(সাত) তলা (আভ্যন্তরীন পরিবর্তন)- ৬ষ্ঠ তলায় দুই ইউনিট |
| ৩৮। | ব্রিগেঃ জেনাঃ মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী | ২৭০ | বারিধারা ডিওএইচএস | ২৮/০৩/২০২২ | সংশোধিত ০৫(পাঁচ) তলা (আভ্যন্তরীন পরিবর্তন)- নতুন লিফট স্থাপন |
| ৩৯। | আহমেদ সাদাত মোমেন<br>পরিচালক, মোমেন ইনফ্রাস্ট্রাকচার্স লিঃ<br>আম-মোক্তার | ১৯ | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | | নতুন ০৮(আট) তলা (খালি প্লট) |
| ৪০। | (ক) মিসেস শিরিন আক্তার<br>(খ) মিসেস মোমিনা খানম | সিবি-২৬৫ | কচুক্ষেত পুরান বাজার | ২৭/৩/২০২২ | নতুন ০৭ (সাত) তলা ভবন |
| ৪১। | (ক) হাসিনা নাজমী<br>স্বামী-মরহুম গ্রুপ ক্যাপ্টেন এ ওয়াই এম নাজমুল হক<br>(খ) এম শাহরুজ জহারাত ইবনে নাজমুল হক<br>(গ) মুহাম্মদ জারিফ জহারাত<br>(ঘ) নওসেবা যাহরা<br>সর্বপিতা- মরহুম গ্রুপ ক্যাপ্টেন এ ওয়াই এম নাজমুল হক | ৫১৬ | মিরপুর ডিওএইচএস | ৩১/৩/২০২২ | সংশোধিত ০৮(আট) তলা (খালি প্লট) |
| ৪২। | (ক) জনাব মুকিত সাকলান<br>(খ) লায়লা নূর-ই নাজনীন<br>সর্বপিতা- কর্ণেল এবনে আইন মারুফ সাকলান | বি/১৬২ | মহাখালী ডিওএইচএস | ২৮/৩/২০২২ | নতুন ০৮ (আট) তলা ভবন (পুরাতন ৪ তলা ভবন ভেঙ্গে অপসারণ করা হয়েছে) |
| ৪৩। | (ক) মিসেস নাজনীন রশিদ খান<br>(খ) জনাব মোহাম্মদ মহসিন<br>(গ) মেজর ডাঃ মোঃ মুবিন (অবঃ)<br>সর্বপিতা- মরহুম কর্ণেল মোঃ আব্দুর রশিদ | ২৮ | বনানী ডিওএইচএস | ৩০/৩/২০২২ | বেজমেন্টসহ নতুন ০৮ (আট) তলা ভবন (পুরাতন ৪ তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |

আলোচনা: আলোচ্য বিষয়- ১৫(১-৪৩) এর নকশাগুলি অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন।

সিদ্ধান্ত: ১৫.১। Land point of view-তে প্রযোজ্য ক্ষেত্রে এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস এবং ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র সাপেক্ষে নিম্নোক্ত শর্তাধীনে ভবন নির্মাণের নকশা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

১৫.২। ক্রমিক নং-০১ থেকে ২৩ এ উল্লেখিত ২৩(তেইশ)টি প্লটে ৭ম তলার উপর ৮ম তলা নির্মাণের সংশোধিত নকশার আবেদন করা হয়েছে, যাদের ইতোপূর্বের অনুমোদিত নকশায় ০৮(আট) তলার ফাউন্ডেশন দেয়া ছিল। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট প্রকৌশলীর প্রত্যয়ন এবং প্লট মালিকের অঙ্গীকারনামা দাখিল সাপেক্ষে ০৮(আট) তলা ভবনের সংশোধিত নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

১৫.৩। ক্রমিক নং-২৫ থেকে ৩৪ এ উল্লেখিত ১০(দশ)টি প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের নকশাগুলো MIST কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। MIST কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় ব্যয় প্লট মালিককে বহন করতে হবে।

১৫.৪। ক্যান্টনমেন্ট বোর্ডের কমিটি কর্তৃক সরেজমিন পরিদর্শন সাপেক্ষে ক্রমিক নং-৩৫ থেকে ৩৮ এ উল্লেখিত ০৪(চার)টি প্লটের আভ্যন্তরীন পরিবর্তনের সংশোধিত নকশা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য প্রতিটি প্লটের সরেজমিন পরিদর্শন ও প্রতিবেদন প্রস্তুত ফি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে।

১৫.৫। ক্রমিক নং-৩৯ ও ৪১-এ উল্লেখিত ০২(দুই)টি প্লটে নতুন ০৮(আট)তলা এবং ক্রমিক নং ৪০-এ উল্লেখিত ০১(এক)টি প্লটে নতুন ০৭(সাত) তলা ভবন নির্মাণের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং ২৪-এ উল্লিখিত প্লটটি খালি বিধায় সংশোধিত ০৮(আট)তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হল।

১৫.৬। ক্রমিক নং-৪২ এবং ৪৩ এ উল্লেখিত ০২(দুটি)টি প্লটে নতুন ০৮(আট) তলা নতুন ভবন নির্মাণের নকশা ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের শুনানী গ্রহনান্তে যাচাই-বাচাই সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৭: বারিধারা ডিওএইচএস এলাকার ৫১৭/৫ নং প্লটে বাড়ি নির্মাণ কাজের সময়সীমা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট প্লট মালিক এর ০৯ ফেব্রুয়ারি ২০২২ তারিখের আবেদনপত্র প্রসংগে।

আলোচনা: অত্র দপ্তরের ০১ জুন ২০০৩ তারিখের ঢাক্যাবো/জেনারেল/প্লট নং-৫১৭/৫/বারিধারা/ডিওএইচএস/১৯ নং পত্রের মাধ্যমে বারিধারা ডিওএইচএস এলাকার ৫১৭/৫ নং প্লটে নতুন ০৬(ছয়) তলা বাড়ির নকশা অনুমোদন করা হয়। প্লট মালিক মিসেস শামসুন্নাহার হোসেন ০৯ ফেব্রুয়ারি ২০২২ তারিখের আবেদনপত্রে জানিয়েছেন যে, প্লটের মূল ইজারা গ্রহীতা মরহুম কমান্ডার মুহাম্মদ আলেফ হোসেন জীবিত থাকাকালীন ০৪ তলা পর্যন্ত কাজ সমাপ্ত করেন। আর্থিক এবং পারিবারিক নানাবিধ সমস্যার কারণে ৫ম ও ৬ষ্ঠ তলার কাজ সম্পূর্ণ করা সম্ভব হয়নি। উক্ত কাজ সমাপ্ত করতে ৩০/০৬/২০২৩ তারিখ পর্যন্ত সময়সীমা বৃদ্ধি করার জন্য আবেদন জানিয়েছেন। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এলাকার ৫১৭/৫ নং প্লটে বাড়ি নির্মাণ কাজের সময়সীমা ৩০ জুন, ২০২৩ তারিখ পর্যন্ত বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যবিষয়-১৮: মিরপুর ডিওএইচএস এর ১৫০ নং প্লটে নির্মাণ কাজের সময়সীমা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট প্লট মালিকের ০৬/০৩/২০২২ তারিখের আবেদনপত্র প্রসংগে।

আলোচনা: মিরপুর ডিওএইচএস এর ১৫০ নং প্লটে অত্র দপ্তরের ০৪/৩/২০১৩ তারিখের ঢাক্যাবো/প্লট নং-১৫০/ডিওএইচএস/মিরপুর/১৩ নং পত্রের মাধ্যমে ০৭ তলা বাড়ির নকশা অনুমোদন করা হয়। সংশ্লিষ্ট প্লট মালিকের ০৬/০৩/২০২২ তারিখের আবেদনপত্রের মাধ্যমে জানিয়েছেন যে, ইতোমধ্যে ০৭ তলা পর্যন্ত ছাদ ঢালাই করে ব্রিক ওয়ার্কসহ আনুষংগিক কাজ চলছে। এখনও বসবাস শুরু করা হয়নি। শারীরিক অসুস্থতা ও আর্থিক সমস্যার কারণে যথাসময়ে বাড়ির নির্মাণ কাজ শেষ করতে পারেননি। এমতাবস্থায় বাড়ি নির্মাণ কাজের সময়সীমা ডিসেম্বর ২০২২ পর্যন্ত বৃদ্ধি করার জন্য আবেদন করেছেন। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর ১৫০ নং প্লটে নির্মাণ কাজের সময়সীমা ৩১ ডিসেম্বর, ২০২২ পর্যন্ত বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যবিষয়-১৯: মিরপুর ডিওএইচএস এর ১৪৩ নং প্লটে সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা) নকশা অনুমোদন প্রসংগে।

আলোচনা: মিরপুর ডিওএইচএস এর ১৪৩ নং প্লটে অত্র দপ্তরের ৩১ জানুয়ারি ২০১২ তারিখের ঢাক্যাবো/প্লট নং-১৪৩/ডিওএইচএস/মিরপুর/১৫ নং পত্রের মাধ্যমে ০৭ তলা বাড়ির নকশা অনুমোদন করা হয়। পরবর্তীতে সংশ্লিষ্ট প্লট মালিক সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা) নকশা অনুমোদনের জন্য ৩০/০১/২০২২ তারিখে অত্র দপ্তরে দাখিল করেন। উল্লেখ্য, দাখিলকৃত সংশোধিত নকশার সাথে পূর্বের অনুমোদিত নকশার মিল নেই। পাইলিং এর সংখ্যার পরিবর্তন আনা হয়েছে। স্ট্রাকচারাল কলাম, বীম, অন্যান্য অবকাঠামোতেও পরিবর্তন আনা হয়েছে। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস এর ১৪৩ নং প্লটে সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা) নকশা কারিগরী ভেটিং এর জন্য এমআইএসটি-তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এমআইএসটি'র কারিগরী ভেটিং বাবদ যাবতীয় ব্যয় প্লট মালিককে বহন করতে হবে।

আলোচ্যবিষয়-২০: মিরপুর ডিওএইচএস এর ৭২১ নং প্লটে সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) নকশা অনুমোদন প্রসংগে।

আলোচনা: মিরপুর ডিওএইচএস এর ৭২১ নং প্লটে অত্র দপ্তরের ১০ জুন ২০০৮ তারিখের ঢাক্যাবো/প্লট নং-৭২১/ডিওএইচএস/মিরপুর/১৩ নং পত্রের মাধ্যমে ০৬ তলা বাড়ির নকশা অনুমোদন করা হয়। পরবর্তীতে সংশ্লিষ্ট প্লট মালিক সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) নকশা অনুমোদনের জন্য ০৩/০৩/২০২১ তারিখে অত্র দপ্তরে দাখিল করেন। গত ১৩ এপ্রিল ২০২১ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-১৫(৭) এর মাধ্যমে উপস্থাপন করা হলে এমআইএসটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। অত্র দপ্তরের ০৭ জুন ২০২১ তারিখের ২৩.২২.৭০০১.০১৮.০৩.০৫.মিরপুর-৭২১.৫৯-২৯৭৩ নং পত্রের মাধ্যমে এমআইএসটিতে প্রেরণ করা হয়। এমআইএসটির ০৯ সেপ্টেম্বর ২০২১ তারিখের সিএটিএস-এমআইএসটি/সিই/মিরপুর-৭২১/০৯/২০২১ নং পত্রের মাধ্যমে সংশোধিত এবং প্রস্তাবিত নকশায় কিছু তথ্য অপর্যাপ্ত থাকায় এবং As built drawing প্রাপ্ত না হওয়ায় নিরীক্ষা ব্যতিরেকে নকশা অত্র দপ্তরে ফেরত প্রদান করা হয়। সংশ্লিষ্ট প্লট মালিক ১৫ মার্চ ২০২২ তারিখে সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) নকশা অনুমোদনের জন্য As built drawing অত্র দপ্তরে দাখিল করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে কারিগরী মতামত প্রদানের জন্য As built drawing এমআইএসটিতে প্রেরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস এর ৭২১ নং প্লটে সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) নকশা কারিগরী ভেটিং এর জন্য এমআইএসটি-তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এমআইএসটি'র কারিগরী ভেটিং বাবদ যাবতীয় ব্যয় প্লট মালিককে বহন করতে হবে।

আলোচ্যবিষয়-২১: বনানী ডিওএইচএস এর ৯১ নং প্লটে সংশোধিত ০৮(আট) তলা (আভ্যন্তরীন পরিবর্তন-পার্কিং সংখ্যা বৃদ্ধি) নকশা অনুমোদন প্রসংগে।

আলোচনা: বনানী ডিওএইচএস এর ৯১ নং প্লটে সংশোধিত ০৮(আট) তলার নকশা অনুমোদন করা হয়। সংশ্লিষ্ট প্লট মালিক ৩১/০১/২০২২ তারিখে সংশোধিত ০৮(আট) তলার (আভ্যন্তরীন পরিবর্তন-পার্কিং সংখ্য বৃদ্ধি) নকশা দাখিল করেন। দাখিলকৃত নকশায় বেজমেন্টে গাড়ি প্রবেশের জন্য ব্যবহৃত র‍্যাম্পের উপর ০৩টি পার্কিং দেখানো হয় যা নিয়ম বহির্ভূত হওয়ায় সংশ্লিষ্ট প্লট মালিককে অত্র দপ্তরের ০৩/০২/২০২২ তারিখের পত্রের মাধ্যমে নকশা ফেরত প্রদান করা হয়। প্লট মালিক পূর্বে দাখিলকৃত নকশা ১৫/৩/২০২২ তারিখে পুনরায় অত্র দপ্তরে দাখিল করেছেন। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে বনানী ডিওএইচএস এর ৯১ নং প্লটে সংশোধিত ০৮(আট) তলা (আভ্যন্তরীন পরিবর্তন-পার্কিং সংখ্যা বৃদ্ধি) নকশার বিষয়ে নিরাপত্তা নিশ্চিত করার জন্য এমআইএসটি'র প্রতিনিধিসহ ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন এবং সে আলোকে পরবর্তী সিদ্ধান্ত গৃহীত হবে।

আলোচ্যবিষয়-২২: মিরপুর ডিওএইচএস এর ৬০০ নং প্লটে সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) নকশা অনুমোদনের জন্য সংশ্লিষ্ট প্লট মালিকের ১৫/০৩/২০২২ তারিখের আবেদনপত্র প্রসংগে।

আলোচনা: মিরপুর ডিওএইচএস এর ৬০০ নং প্লটে অত্র দপ্তরের ২৫/৫/২০০৯ তারিখের ঢাক্যাবো/প্লট নং-৬০০/মিরপুর ডিওএইচএস/২১ নং পত্রের মাধ্যমে ০৬ তলা বাড়ির নকশা অনুমোদন করা হয়। পরবর্তীতে সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) নকশা অনুমোদনের জন্য এমআইএসটিতে প্রেরণ করা হলে ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা করা যাবে না মর্মে এমআইএসটি হতে জানানো হয়। বিষয়টি অত্র দপ্তরের ০৪ অক্টোবর ২০১২ তারিখের পত্রের মাধ্যমে প্লট মালিককে অবহিত করা হয়। পরবর্তীতে সংশ্লিষ্ট প্লট মালিক পুনরায় সংশোধিত ০৭ তলা ০৬ তলার উপর ৭ম তলার নকশা এমআইএসটি প্রেরণের জন্য অত্র দপ্তরে নকশা দাখিল করেন। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস এর ৬০০ নং প্লটে ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ করা যাবে না মর্মে এমআইএসটি কর্তৃক ইতোমধ্যে কারিগরী মতামত প্রদান করায় উক্ত নকশা পুনরায় এমআইএসটি প্রেরণ না করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যবিষয়-২৩: মিরপুর ডিওএইচএস এর ১০০৩ নং প্লটে নির্মিত ভবনের ৭ম তলার উপর ৮ম তলা উর্ধ্বমুখী সম্প্রসারণ অনুমোদনের জন্য সংশ্লিষ্ট প্লট মালিকের ২৯ মার্চ ২০২২ তারিখের আবেদনপত্র প্রসংগে।

আলোচনা: মিরপুর ডিওএইচএস এর ১০০৩ নং প্লটে অত্র দপ্তরের ০৫ সেপ্টেম্বর ২০২২ তারিখের ঢাক্যাবো/প্লট নং-১০০৩/ডিওএইচএস/মিরপুর/১১ নং পত্রের মাধ্যমে ০৭ তলা বাড়ির নকশা অনুমোদন করা হয়। পরবর্তীতে সংশ্লিষ্ট প্লট মালিক সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা) নকশা অনুমোদনের জন্য

২৯/০৩/২০২২ তারিখে অত্র দপ্তরে দাখিল করেন (আবেদনের ফটোকপি সংযুক্ত)। অত্র দপ্তরের ২৪ আগস্ট ২০২১ তারিখের ২৩.২২.৭০০১. ০১৮.০৩.০৯.মিরপুর. ১০০৩.২৬-৩২০৭ নং পত্রের মাধ্যমে উক্ত প্লটের অননুমোদিত নির্মাণের জরিমানা বাবদ সর্বমোট ১৬,২০০/- টাকা অত্র দপ্তরে জমাসহ নিচতলায় ৯৬.২৫ বর্গফুট অননুমোদিত নির্মাণ অপসারণ করার জন্য অনুরোধ করা হয়। সে প্রেক্ষিতে সংশ্লিষ্ট প্লট মালিক ১৬,২০০/- টাকা অত্র দপ্তরে জমা করেন, কিন্তু নিচতলায় ৯৬.২৫ বর্গফুট অননুমোদিত নির্মাণ অদ্যাবধি অপসারণ করেননি। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর ১০০৩ নং প্লটের নিচতলায় ৯৬.২৫ বর্গফুট অননুমোদিত নির্মাণ অপসারণ না করায় সংশোধিত ০৮(আট) তলার (৭ম তলার উপর ৮ম তলা) নকশা কোন কার্যক্রম গ্রহণ ব্যতিরেকে ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৪: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগেঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১৬ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | বনানী সামরিক কবরস্থানের পার্কিং এলাকা আলোকিত করার জন্য ১৪টি এলইডি স্ট্রীট লাইট স্থাপন কাজ। | ১,৮৩,৫৭২/- | বিদ্যুৎ শাখার মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | ঘটনোত্তর অনুমোদন। ২৭/০২/২০২২ তারিখের কার্যবৃত্ত পত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ২। | রজনীগন্ধা সুপার মার্কেটে ৫০০ কেভিএ ১টি, স্বাধীনতা চত্বরে ৫০০ কেভিএ ১টি এবং রজনীগন্ধা টাওয়ারের ১০০০ কেভিএ ১টি ট্রান্সফরমার এর তেল রিফিল, পরিবর্তন ও সার্ভিসিং কাজ। | ২,৪২,৩৩৪/- | বিদ্যুৎ শাখার মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | ঘটনোত্তর অনুমোদন। ২৭/০২/২০২২ তারিখের কার্যবৃত্ত পত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ৩। | রজনীগন্ধা সুপার মার্কেটে পানির সমস্যা দূরীকরণের লক্ষ্যে মুসলিম মর্ডান একাডেমি হতে রজনীগন্ধা সুপার মার্কেটে পর্যন্ত ৭৫ মিমি ডায়া পানির লাইন ওয়াসকরণ কাজ। | ২,২৬,৫৬০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | পাম্প অপারেটরদের ০৬ মার্চ ২০২২ তারিখের আবেদনপত্র। |
| ৪। | মহাখালী ডিওএইচএস জামে মসজিদের ইমাম সাহেবের কোয়ার্টারের নতুন পানির লাইন স্থাপন কাজ। | ২৪,০৮২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ৫। | রজনীগন্ধা সুপার মার্কেট বিদ্যুৎ উপকেন্দ্রের টয়লেটে পানির সমস্যা দূরীকরণের লক্ষ্যে পানির মটর, ট্যাংকি ও নতুন লাইন স্থাপন কাজ। | ৩৯,৯৯৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | ইলাই ম্যান মোঃ আব্দুল মোতালেব এর ০৩/০২/২০২২ তারিখের আবেদনপত্র। |
| ৬। | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের (আল্লাহ মসজিদ) GG৬৬ KVA জেনারেটরের ব্যাটারী পরিবর্তন কাজ। | ২১,৭৩৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | ঘটনোত্তর অনুমোদন। ১৩/০৩/২০২২ তারিখের কার্যবৃত্ত পত্রের মাধ্যমে অনুমোদিত। মসজিদের ইমাম সাহেবের ১০/৩/২০২২ তারিখের আবেদনপত্র। |
| ৭। | ঐতিহাসিক ০৭ মার্চ ২০২২ জাতীয় দিবস হিসেবে উদযাপন, ১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং ২৬ মার্চ স্বাধীনতা দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ড মূল ভবন, অফিস চত্বর এবং সীমানা প্রাচীর আলোকসজ্জাকরণ কাজ। | ৬৩,৮১৮/- | মেরামত ও ক্ষণাবেক্ষণ খাত | সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের ০৬/৩/২০২২ তারিখের পত্র। |
| ৮। | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে ০১ এপ্রিল ২০২২ হতে ০৩ মে ২০২২ পর্যন্ত আলোকসজ্জাকরণ কাজ। | ১,৯৯,৫০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ৯। | রজনীগন্ধা সুপার মার্কেট স্বাধীনতা চত্বর সাবস্টেশনের ৫০০ এম্পস সার্কিট ব্রেকার নষ্ট হয়ে যাওয়ায় তা পরিবর্তন করে নতুন সার্কিট ব্রেকার স্থাপন কাজ। | ৬৮,৪১০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | ইলাইনম্যান এর ২৩ মার্চ ২০২২ তারিখের আবেদনপত্র |
| ১০। | ঢাকা সেনানিবাসস্থ স্টাফ রোড টি ক্রসে পানির ফোয়ারা নির্মাণ এবং আনুষঙ্গিক কাজ। | ২৪,৮৮,১৬৬/- | অনুদান/ বোর্ড তহবিল | স্টেশন সদর দপ্তরের ২৮/০২/২০২২ তারিখের পত্র। |
| ১১। | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ মাছের আড়ৎ এর জরাজীর্ণ টিন পরিবর্তনসহ সংস্কার/মেরামত কাজ। | ৫,৮৯,০২৯/- | বোর্ড তহবিল | |
| ১২। | রজনীগন্ধা সুপার মার্কেটের শাপলা চত্বরের পূর্ব ও দক্ষিণ পার্শ্বের ড্রেন সংস্কারসহ রাস্তা কার্পেটিং কাজ। | ১২,৬৪,৪৮০/- | বোর্ড তহবিল | |
| ১৩। | বারিধারা ডিওএইচএস ড্রেন পরিষ্কারকরণসহ ম্যানহোল উঁচুকরণ কাজ। | ৩,৬১,১০৭/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (নর্দমা) | সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদের ০৩/০২/২০২২ তারিখের পত্র। |
| ১৪। | ২৫ ফেব্রুয়ারি ২০২২ উপলক্ষ্যে বনানী সামরিক কবরস্থানের অতিরিক্ত সংস্কার/মেরামত কাজ। | ১,৩৭,৩৫৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৫। | লজিস্টিকস এরিয়া এমপি ইউনিট কর্তৃক সেনানিবাসের প্রধান সড়কসমূহে স্থাপিত ট্রাফিক সহায়ক সামগ্রী মেরামত ও স্থাপন কাজ। | ২,৮৫,২৪০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (বিবিধ) | ঘটনোত্তর অনুমোদন। ২২/৩/২০২২ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ১৬। | শহিদ সরণির লজিষ্টিক এরিয়া এমপি ইউনিটের পশ্চিম পার্শ্বের (রাস্তার পানি নিষ্কাশনের জন্য) রিকশা লেন সংলগ্ন ড্রেন পরিস্কারসহ আংশিক স্ল্যাব স্থাপন কাজ। | ১,২৭,০৪১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (নর্দমা) | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭। | শহীদ আনোয়ার চৌরাস্তা হতে পশ্চিম দিকে স্বাধীনতা সরণি এমপি চেকপোষ্ট পর্যন্ত ড্রেন পরিষ্কারসহ সংস্কারকরণ কবাজ। | ২,৫৯,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (নর্দমা) | |
| ১৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ নং রোডের ৬৮/এ নং বাসার (সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের বাসভবন) জন্য ০২টি স্প্লিট টাইপ এসি স্থাপন এবং আনুষঙ্গিক কাজ। | ২,৬১,৯৬৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘরবাড়ি) | |
| ১৯। | রজনীগন্ধা স্টাফ কোয়ার্টার এর ছাদে পানির ট্যাংকি বসানোর কাজ। | ৬৯,০৮২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘরবাড়ি) | |
| ২০। | রজনীগন্ধা সুপার মার্কেটের সাবস্টেশন রুম ও টয়লেট সংস্কার/মেরামত কাজ। | ৬২,৪৫০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (বাজার) | |
| ২১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৪/ই বাসার ফ্লোরে টাইলস ও রং করণ কাজ। | ২,৪৪,৪৬৭/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘরবাড়ি) | পিএ টু ডাইরেক্টর, ডিজি অফিস এর আবেদনপত্র |
| ২২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৪/এইচ বাসা মেরামত ও রং করণ। | ২,৬১,২৮০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘরবাড়ি) | অফিস সহায়ক সুরুজ মিয়া রানা |
| ২৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৫/ডি-২(নিচতলা পশ্চিম দক্ষিণ পার্শ্ব) বাসার টয়লেট ও রান্না ঘরে টাইলস স্থাপনসহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ১,৭৪,৮২৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘরবাড়ি) | হিসাব করণিক লাইজু আক্তাতার |
| ২৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ২৫/ডি-২(৩য় তলা উত্তর পার্শ্ব) বাসা মেরামত, টাইলস স্থাপন ও রং করণ কাজ। | ১,৫৮,১০১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘরবাড়ি) | তাজিনা তামান্না খানম পিংকি, সহ: প্রকৌশলী |
| ২৫। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ৪/ডি নং বাসা মেরামত ও রং করণ কাজ। | ১,৩৯,৬১২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘরবাড়ি) | রাশিদা আফরোজ মজুমদার, জুনি: শিক্ষক |
| ২৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের ৪৮/এ ভবন-২ ৬ ষ্ঠ তলার উত্তর পার্শ্ব বাসার স্যানিটারী কাজ ও দরজা সরবরাহ করণ কাজ। | ১,০৫,৮৬৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘরবাড়ি) | রেবেকা সুলতানা, সহ: শিক্ষক (বাংলা) |
| ২৭। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ৪/সি নং বাসা মেরামত ও রং করণ কাজ। | ১,৫৬,০৩৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘরবাড়ি) | নুরুল ইসলাম (বাদল) অ:সহ:কাম-কম্পি: অপা: |
| ২৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের ৪৮/এ, ভবন-১, (৩য় তলা দক্ষিণ পার্শ্ব) বাসা মেরামত ও রং করণ কাজ। | ৭৪,১৫০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘরবাড়ি) | মোঃ জাহিদুল ইসলাম সহ: শিক্ষক (ইংরেজী) |
| ২৯। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের ৪৮/এ, ভবন-১, (৩য় তলা উত্তর পার্শ্ব) বাসা মেরামত ও রং করণ কাজ। | ৪৫,১৫০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘরবাড়ি) | এইচএম আবু ফারুক, ট্যাক্স কালেক্টর |
| ৩০। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৪/ডি নিচতলা পশ্চিম পার্শ্ব বাসার ফ্লোর টাইলস করণসহ রং করণ কাজ। | ২,৬৯,১৯২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘরবাড়ি) | শামীমা নুর সহ: শিক্ষক (বাংলা) |
| ৩১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ৯৭/এ (নিচতলা উত্তর পার্শ্ব) বাসা মেরামত ও রং করণ। | ৪৩,১৫৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘরবাড়ি) | মোঃ আলাউদ্দিন পরিচ্ছন্নতা কর্মী "সাভূক্যা" অধিদপ্তর |
| ৩২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৫/ডি-১৫(৪র্থ তলা পূর্ব উত্তর পার্শ্ব) বাসা মেরামত ও রংকরণসহ রান্নাঘর ও টয়লেটে টাইলস করণ। | ১,৬২,৫০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘরবাড়ি) | জুনিয়র শিক্ষক সেনাপল্লী হাই স্কুল |
| ৩৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৫/ডি-১(নিচতলা পূর্ব দক্ষিণ পার্শ্ব) বাসার টয়লেট ও রান্না ঘরে টাইলস স্থাপনসহ মেরামত ও রং করণ কাজ। | ১,৩০,১২৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘরবাড়ি) | মোঃ ইমরাদুজ্জামান (পরাগ) ট্যাক্স কালেক্টর |
| ৩৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ২৫/ডি-৫(৪র্থ তলা দক্ষিণ পার্শ্ব) বাসার টয়লেট ও রান্না ঘরে টাইলস স্থাপনসহ মেরামত কাজ। | ৯৮,৫০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘরবাড়ি) | মোঃ রোকন উদ্দিন ট্যাক্স কালেক্টর |
| ৩৫। | ঢাকা সেনানিবাসের ময়লা আবর্জনা সগ্রহ ও অপসারণ কাজে নিয়োজিত ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারণ, বিমান বাহিনী এবং বিএটিসি এলাকায় নিয়োজিত কঞ্জারভেন্সী ট্রাক সমূহের টায়ার-টিউবস ও রিং ক্রয় করণ। | ৭,২৬,৩৭০/- | সাধারণ কঞ্জারভেন্সী, বিমান বাহিনী কঞ্জারভেন্সী ও বিএটিসি খাত | |
| ৩৬। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নং-১১-৩৩৯২ প্রয়োজনীয় যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজ। | ৪,২৪,০০০/- | সাধারণ কঞ্জারভেন্সী খাত | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৭। | শহীদ সরণি, শিখা অনির্বাণ, ঈদগাহ মাঠ,বিভিন্ন ভিআইপি বাংলো, আজিজপল্লী এবং ক্যান্টনমেন্ট বাজার এলাকার ঘাসকাটার কাজের জন্য ব্যাকপ্যাক, লনমোয়ার মেশিন ও বিভিন্ন যন্ত্রাংশ ক্রয়। | ২,৭৫,০০০/- | সাধারণ কঞ্জারভেন্সী / উদ্যান খাত | |
| ৩৮। | সেনাভবনের চারপার্শ্বে বাগান সৃজনের জন্য বিভিন্ন গাছ ক্রয়। | ৪,৮৯,৯০৪/- | উদ্যান খাত | |
| ৩৯। | ঢাকা সেনানিবাসে রিকশা চলাচলের জন্য প্রদত্ত ৫০(পঞ্চাশ) টি রিকশা লাইসেন্স নাম্বার প্লেট এবং বারকোর্ড বিশিষ্ট আইডিকার্ড তৈরী। | ৫০,০০০/- | রিকশা লাইসেন্স এর আয় হতে | |
| ৪০। | শহীদ মঈনুল রোডের ৭৫ ও ৭৭ নং বাংলোর পার্শ্বে খালি জায়গায় শিশু পার্কে খেলনা সরবরাহ ও স্থাপন কাজ। | ১৫,৪৪,৪৭৫/- | বোর্ড তহবিল/ অনুদান | |
| ৪১। | সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের এক্স-রে মেশিন পুরাতন হাসপাতাল ভবন থেকে নতুন ভবনে স্থানান্তর ও স্থাপন। | ৫,০০,০০০/- | হাসপাতালের ল্যাবরেটরী খাত | হাসপাতালের ২৯/০৩/২২ তারিখের এসকেএমসিবিজি এইচ/৯৮ নং পত্র। |
| ৪২। | সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের বিভিন্ন মালামাল মেরামতকরণ ও স্থাপন। | ১৩,৬০,৮৬২/- | হাসপাতালের ল্যাবরেটরী খাত | হাসপাতালের ২৯/০৩/২২ তারিখের এসকেএমসিবিজিএইচ নং পত্র। |
| ৪৩। | রজনীগন্ধা সুপার মার্কেটের পুরাতন ৫০০ কেভিএ ট্রান্সফরমার পুড়ে যাওয়ায় নতুন একটি ৬৩০ কেভিএ ট্রান্সফরমার স্থাপন ও আনুষঙ্গিক কাজ। | ১৭,৬৯,৫৯৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (বিদ্যুৎ) | |
| ৪৪। | ঢাকা সেনানিবাসের প্রধান সড়ক সমূহে যানবাহন নিয়ন্ত্রণের জন্য ট্রাফিক সহায়ক সামগ্রী সরবরাহ ও স্থাপন কাজ। | ১৭,৩৪,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | লগ এরিয়া এমপি ইউনিটের ১৩/২/২০২২ তারিখের পত্র। |
| ৪৫। | মহাখালী ডিওএইচএস লেকের পাড়ের মাটি ধরে রাখার জন্য নির্মিত প্যালাসাইডিং এর ভিতর সাইডে ওয়াল নির্মাণ কাজ। | ১০,৯৯,৮০৮/- | অনুদান/ বোর্ড তহবিল | মহাখালী ডিওএইচএস পরিষদ এর ১৪/৩/২০২২ তারিখের পত্র। |
| ৪৬। | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ মোবাইল মার্কেট সংলগ্ন স্থানে একটি টয়লেট নির্মাণ। | ৫,৮৩,৫৯৯/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ৪৭। | মিরপুর সেনানিবাসের উত্তর দিকে বর্জ্য ফেলার স্থানের দক্ষিণ-পশ্চিম পার্শ্বের খাল হতে বর্জ্য অপসারণসহ বল্লি প্যালাসাইডিং করণ কাজ। | ৫৯,৬৩,৩৬৬/- | বোর্ড তহবিল | |
| ৪৮। | মিরপুর ডিওএইচএস এর পুরাতন ৫১, ১২-বি (নতুন) নং রোডের ড্রেনের পিট উচুকরণসহ ড্রেন পরিষ্কার করণ। | ২,২৮,৬২৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | |
| ৪৯। | সেনাসদরের সামনে মাল্টিপারপাস এলাকায় বাগান সৃজনের জন্য বিভিন্ন গাছ ক্রয়। | ৪,৯৯,৭৮৫/- | উদ্যান খাত | |
| ৫০। | প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট (পিজিআর) এলাকার নবনির্মিত জেসিও কোয়ার্টারের সামনে আধুনিক খেলনা সামগ্রী সরবরাহ ও স্থাপন কাজ। | ৮,৯৩,২৫০/- | বোর্ড তহবিল/অনুদান | |
| ৫১। | এমইএস (নেভি) লালাসরাই নাবিক আবাসিক এলাকায় আধুনিক খেলনা সামগ্রী সরবরাহ ও স্থাপন কাজ। | ৫,৩৮,১২৫/- | বোর্ড তহবিল/অনুদান | |
| ৫২। | শহিদ সরণির শহিদ আনোয়ার চৌরাস্তার উত্তর পার্শ্বে হতে সিগন্যাল পর্যন্ত রাস্তার উভয় পার্শ্ব পর্যন্ত পটহোল মেরামত ও ক্ষতিগ্রস্থ রোড মেরামত ও কার্পেটিং করণ। | ১৪,৯৮,০৬৪/- | বোর্ড তহবিল/অনুদান | |
| ৫৩। | শহীদ বাশার রোডের ২০৮ নং বাংলোর পূর্ব পার্শ্বে এমপি চেকপোষ্ট সংলগ্ন এলাকায় বাগান সৃজনের জন্য বিভিন্ন চারাগাছ ক্রয়। | ৪,৮২,৬৪২/- | উদ্যান খান | |
| ৫৪। | সেনানিবাসের প্রধান সড়কসমূহে স্থাপিত ট্রাফিক সহায়ক সামগ্রী পরিবর্তন/স্থাপন ডি টাইপ রোড সাইন তৈরী করণ কাজ | ৫,০৬,৬৩৪/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | লজিস্টিকস এরিয়া এমপি ইউনিটের ১৩/০২/২০২২ তারিখের পত্র। |
| ৫৫। | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ০৩ তিনটি ডিজিটাল সাইনবোর্ড মেরামত করণ। | ৪,৮০,২৩০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৫৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-৬০ এর সীমানা প্রাচীরের উপর এ্যাংগেল ফ্রেমের কনসারটিনা এবং গ্যারেজ ও রাস্তার উপর পার্কিং টাইলস সরবরাহ ও স্থাপন। | ৫,৮১,২০১/- | পরিত্যক্ত সম্পত্তির তহবিল | |
| ৫৭। | শহিদ সরণির জিই (সাউথ) হতে দক্ষিণ দিকে ক্যাপ্টেন বেকারী পর্যন্ত রিকশা লেন সংলগ্ন ড্রেন পরিষ্কারসহ স্ল্যাব নির্মাণ কাজ। | ৩,১১,৪৯৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | |
| ৫৮। | শহিদ বদিউজ্জামান রোডের ৪নং রোড চৌরাস্তা এবং ৮নং রোড চৌরাস্তায় স্পীড ব্রেকার তৈরী করণ। | ২,২৫,৪৩৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তা) | |
| ৫৯। | মিরপুর ডিওএইচস শপিং কমপ্লেক্স এর বেজমেন্ট-১ ও ২ এর ক্ষতিগ্রস্থ পেভটাইলস অপসারণপূর্বক নতুন পেভটাইলস স্থাপন। | ২,৮৮,৩৭৯/- | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স তহবিল | |
| ৬০। | শহীদ বাশার রোড সুবর্ণ ধারা বিউটি স্পটের জন্য বিভিন্ন গাছ ও মালামাল ক্রয়। | ৩,৫৯,১০০/- | উদ্যান খাত | |
| ৬১। | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ মাছ বাজারসহ বিভিন্ন ব্লকে জরাজীর্ণ ছাদ, কলাম, বীম মেরামত ও রংকরণ এবং বৈদ্যুতিক মিটার বক্স পরিবর্তন ও আনুষঙ্গি কাজ। | ১৫,৭৩,৪৭৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (বাজার) | |
| ৬২। | শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের খেলার মাঠে নিচু জায়গায় ভিটি মাটি ভরাট কাজ। | ৭,৯১,১৫৯/- | জনসাধারণের উন্নয়নমূলক (মেরামত ও রক্ষণাবেক্ষণ) | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬৩। | মুসলিম মডার্ণ একাডেমীর খেলার মাঠে নিচু জায়গায় ভিটি মাটি ভরাট কাজ। | ৪,৮৮,০২২/- | জনসাধারণের উন্নয়নমূলক (মেরামত ও রক্ষণাবেক্ষণ) | |
| ৬৪। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার রংকরণ কাজ। | ১,৪৩,২১২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (হাসপাতাল) | |
| ৬৫। | বনানী সামরিক কবরস্থানের উত্তর পার্শ্বে নতুন গেইটসহ বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ৮১,৭৯,৪০৩/- | অনুদান/বোর্ড তহবিল | |
| ৬৬। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ইনডোর ও আউটডোরের সাজসজ্জাকরণ কাজ। | ৪,৮০,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক | |
| ৬৭। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সিসি ক্যামেরা সিস্টেম এর জন্য ৬৪ চ্যানেলের ১টি এনভিআর ক্রয়, নতুন ১৬টি ক্যামেরা স্থাপন ও আনুষঙ্গিক কাজ। | ৩,৫৩,৫০০/- | প্রশাসন শাখার নৈমিত্তিক খাত | |
| ৬৮। | মিরপুর ডিওএইচএস এর রোড নং-৬(নতুন) প্লট নং-৪৮৮/এ হতে ৪৫৮ পর্যন্ত পিট উঁচুকরণসহ পরিষ্কার করণ কাজ। | ৩,৪৫,৭২৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (নর্দমা) | |
| ৬৯। | মিরপুর ডিওএইচএস এর রোড নং-১১(নতুন) প্লট নং-১১২৩ হতে ১১৩৯ পর্যন্ত পিট উঁচুকরণসহ পরিষ্কার করণ কাজ। | ২,২৯,২৩০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (নর্দমা) | |
| ৭০। | মিরপুর ডিওএইচএস এর ৩ নং মসজিদের পার্শ্বের মাঠের ফেন্সিং, গার্ডেন লাইট সরবরাহ ও স্থাপন এবং পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ২,৯৯,৯০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ৭১। | ঢাকা সেনানিবাসের শহিদ সরণিস্থ আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের সামনের ফুটওভার ব্রিজের জন্য সিংগেল কালার এলইডি সাইনবোর্ড সরবরাহ ও স্থাপন কাজ। | ১,৪০,৪০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ৭২। | মিরপুর সেনানিবাসের উত্তর দিকে বর্জ্য ফেলার স্থানে গাড়ী চলাচলের জন্য রাবিশ সরবরাহ ও স্থাপন কাজ। | ৪,০২,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (রাস্তাঘাট) | |
| ৭৩। | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের জেনারেটরের জন্য কন্ট্রোল প্যানেল বক্স স্থাপন ও সার্ভিসিং করণ। | ৫,৪৩,৪০০/- | শপিং কমপ্লেক্সের সালামী | |

আলোচনা: ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিক এবং বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত: আলোচ্যবিষয়-২৪ এ উল্লেখিত ৭৩ (তিয়াত্তর)টি প্রকল্প নিম্নবর্ণিতভাবে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

২৪.১: ক্রমিক নং-১০, ১১, ১২, ৪০, ৪৫, ৪৭, ৫০, ৫১, ৫২, ৫৬, ৫৯, ৬৫ ও ৭৩-এ উল্লেখিত ১৩(তের)টি প্রকল্পের মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। উল্লেখিত প্রকল্পসমূহের মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

২৪.২: মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে ক্রমিক নং-১, ২, ৬ ও ১৫ এ উল্লেখিত ০৪(চার)টি প্রকল্প প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মিনিটশীটের মাধ্যেমে অনুমোদন করায় ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৩, ৪, ৫, ৭, ৮, ৯, ১৩, ১৪, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৬, ৪৮, ৪৯, ৫৩, ৫৪, ৫৫, ৫৭, ৫৮, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৭১, ৭২-এ উল্লেখিত ৫৬(ছাপ্পান্ন)টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদন করা হলো। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-২৫: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগেঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১৬ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | কচুক্ষেত পুরান বাজার এলাকার মিলি সুপার মার্কেট সংলগ্ন পিছনের (রহমান ভবনের পিছনে) রাস্তার সিকিউরিটি লাইট স্থাপন কাজ। | ৮২,৭৯১/- | মেসার্স মিম এন্টারপ্রাইজ | ৮২,৬২৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ২. | ঢাকা সেনানিবাসের স্টাফ রোড এলাকায় ফোয়ারা সংলগ্ন বিউটি স্পটে এলইডি গার্ডেন লাইট, স্ট্রীট লাইট, ফ্লাড লাইট স্থাপনসহ ভূ-গর্ভস্থ বিদ্যুৎ লাইন ও আনুষংগিক কাজ। | ২,৮৮,৩৯৯/- | মেসার্স সেঞ্চুরী ইন্টারন্যাশনাল | ২,৮৭,৯৬৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ৩. | মহাখালী ডিওএইচএস এর সেন্ট্রাল রোডে টিউব লাইট শেড পরিবর্তন করে এলইডি স্ট্রীট লাইট স্থাপন কাজ। | ২,৬০,৩৫৯/- | মেসার্স সেঞ্চুরী ইন্টারন্যাশনাল | ২,৫৯,৯৬৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ৪. | রজনীগন্ধা সুপার মার্কেটে বিদ্যুতের ওভারহেড ডিষ্ট্রিবিউশন লাইন ও সার্ভিস সমূহে পিজি ক্ল্যাম্প সার্ভিস বেল ক্রিমাপট ও লাইন টেপ স্থাপন এবং বিদ্যুৎ লাইন সংস্কার কাজ। | ৩,০৪,২৫০/- | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৩,০৪,২৫০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ৫. | ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের বাংলোর উত্তর পশ্চিম কর্ণারে ওয়্যারমেস নেট দ্বারা ঘেঁরাও করণ, পানির ট্যাংক নির্মাণ এবং টিনশেড ঘর নির্মাণ কাজ। | ৪,৯৮,৫০০/- | মেসার্স সেঞ্চুরী ইন্টারন্যাশনাল | ৪,৯৮,০০১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ৬. | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের নার্সারী ড্রেন সংস্কার ও মেরামত করণ কাজ। | ৪,৯৭,৬০০/- | মেসার্স ফাহিম এন্টারপ্রাইজ | ৪,৯৭,৬০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ৭. | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর অগ্নি নির্বাপক যন্ত্র ( ফায়ার এক্সটিংগুইশার) পুনরায় পূর্ণ (রিফিলিং) করণ। | ১,৬৩,৪০০/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ১,৬৩,৪০০/- | শপিং কমপ্লেক্সের দোকানের সালামী | |
| ৮. | মিরপুর ডিওএইচএস এর এভিনিউ-১২ এর পিট উঁচুকরণসহ ড্রেন পরিস্কার করণ কাজ। | ৩,৫৮,৪১৬/- | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ৩,৫৮,৪১৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (নর্দমা) | |
| ৯. | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ওয়াস রুমে প্লাষ্টিকের ম্যাট সরবরাহ ও স্থাপন কাজ। | ২,৯৭,০০০/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ২,৯৭,০০০/- | শপিং কমপ্লেক্সের দোকানের সালাম | |
| ১০. | মিলিটারী পুলিশ সপ্তাহ ২০২১ উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন স্টেশনারী মালামাল সরবরাহ করণ। | ৬৮,৫০০/- | আরফান ট্রেডার্স | ৬৮,২৫০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেরামত) | |
| ১১. | ঢাকা সেনানিবাসের ট্রাফিক নিয়ন্ত্রণ কাজে বিভিন্ন স্টেশনারী মালামাল সরবরাহ করণ। | ১,৫০,৮০১/- | আরফান ট্রেডার্স | ১,৫০,৫৫১/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেরামত) | |
| ১২. | কঞ্জারভেন্সী ট্রাক নং- ঢাকা মেট্রো-অ-১১-১৯৮৯ যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজ। | ২,৭৫,৩৫০/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ২,৭৪,৬০০/- | সাধারণ কঞ্জারভেন্সী খাত | ঘটনোত্তর অনুমোদন। ১৬/৩/২০২২ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত |
| ১৩. | ক্যান্টনমেন্ট বোর্ড ও বাজার এলাকায় নিয়মিত মশক নিধন কাজের জন্য ০২(দুই)টি ফগার মেশিন ক্রয় করণ। | ৩,১৫,৩৬০/- | তানিশা এন্টারপ্রাইজ | ৩,১৪,৪০০/- | সাধারণ কঞ্জারভেন্সী খাত | ঘটনোত্তর অনুমোদন। ২৪/৩/২০২২ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত |
| ১৪. | কঞ্জারভেন্সী ট্রাক নং-ঢাকা মেট্রো-অ-৮৩৯৪ যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজ। | ২,৬৫,১৯০/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ২,৬৪,২০০/- | সাধারণ কঞ্জারভেন্সী খাত | ঘটনোত্তর অনুমোদন। ১৬/৩/২০২২ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত |
| ১৫. | কঞ্জারভেন্সী ট্রাক নং-ঢাকা মেট্রো-অ-১৪-১৫২১ যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজ। | ৩,০৩,৮৪০/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৩,০৩,৩৫০/- | সাধারণ কঞ্জারভেন্সী খাত | ঘটনোত্তর অনুমোদন। ২৪/৩/২০২২ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬. | ঢাকা সেনানিবাস এলাকায় মশক নিধন কার্যক্রমের জন্য ১২০০ লিটার ম্যালাথিয়ন-৫ ইসি এবং ৫ কেজি মসকিটন (০.১২ পি নোভালিউরন লার্ভিসাইড) কীটনাশক ক্রয় করণ কাজ। | ৪,৯০,০৫০/- | মেসার্স মিলন এন্টারপ্রাইজ | ৪,৮৯,৩০০/- | সাধারণ কঞ্জারভেন্সী খাত | ঘটনোত্তর অনুমোদন। ২৪/৩/২০২২ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত |
| ১৭. | স্টাফ রোডে নবনির্মিত বিউটি স্পটে (সুবর্ণধারা ) রোপনের জন্য বিভিন্ন প্রকার ফুলের গাছ ক্রয় রোপন কাজ। | ৩,৯৯,৭৫৫/- | মেসার্স মিম এন্টারপ্রাইজ | ৩,৯৯,৩৫৫/- | উদ্যান খাত | ঘটনোত্তর অনুমোদন। ১৬/৩/২০২২ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত |
| ১৮. | প্রতিরক্ষা মন্ত্রণালয়ে সৌন্দর্য বর্ধনের জন্য বিভিন্ন প্রকার ফুলের গাছ, গোবর সার ও ভিটি মাটি ক্রয়করণ কাজ। | ৪,৯৯,৭৫০/- | মেসার্স মিম এন্টারপ্রাইজ | ৪,৯৯,৩০০/- | উদ্যান খাত | ঘটনোত্তর অনুমোদন। ১৬/৩/২০২২ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত |
| ১৯. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নং-ঢাকা মেট্রো-অ-১১-১১২৭ বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজ। | ২,৪৮,৮৮০/- | মেসার্স মিম এন্টারপ্রাইজ | ২,৪৮,৬০০/- | সাধারণ কঞ্জারভেন্সী খাত | ঘটনোত্তর অনুমোদন। ২৪/৩/২০২২ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত |
| ২০. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বৈদ্যুতিক মালামাল সরবরাহ করণ। | ১২,৪৭,০০০/- | ইউরো স্টার ইন্টারন্যাশনাল | ১২,৪৬,৫০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেরামত) | |
| ২১. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের স্যানিটারী মালামাল সরবরাহ করণ। | ১০,৭৭,৩০০/- | মেসার্স সরকার এন্টারপ্রাইজ | ১০,৭৬,৮৫০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (পানি সরবরাহ) | |
| ২২. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বৈদ্যুতিক কাজের জন্য এলইডি স্ট্রীট লাইট সরবরাহ করণ। | ১৮,৭৫,০০০/- | মেসার্স সরকার এন্টারপ্রাইজ | ১৮,৭৪,৮৫০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেরামত) | |
| ২৩. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বৈদ্যুতিক টিউব লাইটের চোক সরবরাহ করণ। | ৯,৮০,০০০/- | মেসার্স সরকার এন্টারপ্রাইজ | ৯,৭৯,৫০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (বিদ্যুৎ) | |
| ২৪. | বনানী সামরিক কবরস্থানের পার্কিং এলাকা আলোকিত করার জন্য ১৪টি এলইডি স্ট্রীট লাইট স্থাপন কাজ। | ১,৮৩,৫৭২/- | মেসার্স এমএন্ডএম এন্টারপ্রাইজ | ১,৮৩,৫৭২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ২৫. | রজনীগন্ধা সুপার মার্কেটে ৫০০ কেভিএ ১টি, স্বাধীনতা চত্বরে ৫০০ কেভিএ ১টি এবং রজনীগন্ধা টাওয়ারের ১০০০ কেভিএ ১টি ট্রান্সফরমার এর তেল রিফিলিং, পরিবর্তন ও সার্ভিসিং করণ। | ২,৪২,৩৩৪/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ২,৪২,৩৩৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ২৬. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের মালামাল সরবরাহ করণ। | ১৩,৫৪,১৭৩/- | মেসার্স মনির এন্ড কোং | ১৩,৫৪,১৭৩/- | হাসপাতালের ল্যাবরেটরী ফান্ড | |
| ২৭. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ল্যাবরেটারী রি- এজেন্ট সরবরাহ করণ। | ১৬,৪২,৪০৭/- | মেসার্স ফারসিয়া ট্রেডিং কোং | ১৬,৪২,৪০৭/- | হাসপাতালের ল্যাবরেটরী ফান্ড | |
| ২৮. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের অফিস স্টেশনারী ও পরিস্কার পরিচ্ছন্নতার মালামাল সরবরাহ করণ। | ৭,২৭,৩২৭/- | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ৭,২৭,৩২৭/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | |
| ২৯. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল বিভিন্ন মালামাল মেরামত করণ। | ৪,৭২,৬৮৬/- | দি বিল্ডার্স এন্ড কমার্স | ৪,৭২,৬৮৬/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | |
| ৩০. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের বিভিন্ন মালামাল সরবরাহ করণ। | ১৬,৪৬,৬৬৫/- | রাশেদা এক্সিম ইন্টারন্যাশনাল | ১৬,৪৬,৬৬৫/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | |
| ৩১. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ওয়াশিং মেশিন, হাইড্রো মেশিন, ড্রায়ার মেশিন স্থাপন কাজ। | ১৫,৮২,২০০/- | রাশেদা এক্সিম ইন্টারন্যাশনাল | ১৫,৮২,২০০/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | |
| ৩২. | বনানী সামরিক কবরস্থানের উত্তর পশ্চিম কর্ণারে ভিআইপি গাড়ী রাখার জন্য রাস্তাসহ হার্ডস্ট্যান্ড নির্মাণ কাজ। | ১৩,৬৬,৯১১/- | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ১৪,৩৩,৮৮৯/- | বোর্ড তহবিল | |
| ৩৩. | সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের মূল ভবনের দক্ষিণ পার্শ্বে সিঁড়ি সংলগ্ন ২য় ও ৩য় তলায় ০২টি অফিস কক্ষ এবং ৪র্থ তলায় টয়লেটসহ স্টোর রুম নির্মাণ কাজ। | ৩৩,৫৩,০০৬/- | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ৩৫,১০,৫৯৭/- | অনুদান | |
| ৩৪. | মিরপুর ডিওএইচএস এলাকায় বিভিন্ন সড়কের নিরাপত্তা বাতি সরবরাহ করণ। | ৪,১০,০০০/- | মেসার্স এমএন্ডএম এন্টারপ্রাইজ | ৪,০৯,৮২০/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল | |

আলোচনা: আলোচ্যবিষয়-২৫ এর ছকে উল্লেখিত প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা এবং সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহবান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সম্মুখে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত: ২৫.১: ক্রমিক নং-১-৬, ৮, ১০-৩১ এ বর্ণিত ২৯ (উনত্রিশ)টি প্রকল্পের দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

২৫.২: ক্রমিক নং-৭,৯,৩২, ৩৩ ও ৩৪-এ বর্ণিত ০৫(পাচ)টি প্রকল্পের দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-২৬: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় নির্মিত নিম্নবর্ণিত ভবন ভাঙ্গার অনুমতি প্রদান প্রসংগেঃ-

| ক্র: নং | প্লট মালিকের নাম | এলাকার নাম | প্লট নম্বর | বিদ্যমান ভবনের তলার সংখ্যা | আবেদনের তারিখ | এমইও/ রাজস্ব শাখার মতামতের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | (ক) লেঃ কর্ণেল শামিম শাহজাহান চৌধুরী (অবঃ)<br>(খ) ফাতেমা শিরিন চৌধুরী | বারিধারা ডিওএইচএস | ৩৯০ | ০৩(তিন) | ২৬/০১/২০২২ | ১৬/০২/২০২২ | ঘটনোত্তর অনুমোদন |
| ২. | নাফিসা বেগম গং | বারিধারা ডিওএইচএস | ২৩৯ | ০৪(চার) | ১৩/০৩/২০২২ | ২৪/০৩/২০২২ | |
| ৩. | বেগম মোমেনা হোসেন গং | মহাখালী ডিওএইচএস | ১১৯ | ০৪(চার) | ২৫/১১/২০২১ | ২৪/০১/২০২২ | |
| ৪. | মোঃ তরিকুল ইসলাম (আম-মোক্তার) | মহাখালী সদর | ৩৬ | ০২(দুই) | ০৭/০৩/২০২২ | ২০/০৩/২০২২ | |
| ৫. | রওশন আরা আহমেদ গং | কচুক্ষেত পুরান বাজার | সিবি-২৭৬ | ০৪(চার) | ০২/০৩/২০২২ | ১৩/৩/২০২২ | |
| ৬. | মেজর মো. খলিলুর রহমান (অব) গং | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | ৭০ | ০৪(চার) | ১০/০৩/২২ | ১৬/০৩/২২ | |

আলোচনা: ক্রমিক নং-১ থেকে ৬ এ বর্ণিত প্লটে পুরাতন বিদ্যমান ভবন ভাঙ্গার অনুমতির জন্য সংশ্লিষ্ট প্লট মালিকগণ অত্র দপ্তরে আবেদন করেছেন। এমইও/রাজস্ব শাখা হতে ছাড়পত্র পাওয়া গিয়েছে।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত ৮ প্লটে বর্ণিত পুরাতন ভবন ভাঙ্গার নিমিত্ত নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অনুমতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

১. ভবন ভাঙ্গার কাজ শুরু করার পূর্বে চারিদিকে ছালার চট দ্বারা ঘেরাও করে নিতে হবে।
২. পথচারী ও আশপাশের জন চলাচলের নিরাপত্তা ও দুর্ঘটনা এড়ানোর স্বার্থে বিল্ডিং এর চারদিকে টিনের শেড সংযুক্ত করতে হবে।
৩. বিদ্যুৎ লাইন, গ্যাস লাইন, টেলিফোন লাইন এবং পানির লাইন যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে। কোন লাইন ক্ষতিগ্রস্ত হলে নিজ দায়িত্বে তাৎক্ষণিকভাবে তা মেরামত/পুনঃস্থাপন করে লাইন সচল করতে হবে।
৪. স্যুয়ারেজ লাইন এবং ড্রেনে মাটি ও রাবিশ পড়ে যাতে বন্ধ না হয় সেদিকে সতর্কতা অবলম্বন করতে হবে।
৫. ইট, রাবিশ, রড ইত্যাদি জন ও যান চলাচল পথে কোনক্রমেই স্তুপ করে রাখা যাবে না।
৬. পার্শ্ববর্তী বাড়ি/প্লটে যাতে ক্ষতি সাধিত না হয় সেদিকে কঠোর সতর্কতা অবলম্বন করতে হবে।
৭. সকাল ৮.০০টার পূর্বে এবং সন্ধ্যার পর ভবন ভাঙ্গার কাজ করা যাবে না।
৮. প্লটে অতিরিক্ত জমি থাকলে তা রাস্তার দিকে ছেড়ে দিতে হবে।
৯. ভাঙ্গার সময় ধুলাবালি যাতে কম হয় সেজন্য ভাঙ্গার পূর্বে অবশ্যই দেয়ালসমূহ পানি দিয়ে ভিজিয়ে নিতে হবে।
১০. বাড়ি ভাঙ্গার পর অনুমোদিত নকশা অনুযায়ী নিজে অথবা ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্ত ডেভেলপারের মাধ্যমে বাড়ি নির্মাণ করতে হবে।
১১. বাড়ি নির্মাণের ক্ষেত্রে প্রচলিত নিয়মানুযায়ী ক্যান্টনমেন্ট বোর্ডের যাবতীয় ফি প্রদান করতে হবে।
১২. তিন মাসের মধ্যে ভবন ভাঙ্গার কাজ সম্পন্ন করে অত্র দপ্তরকে অবহিত করতে হবে।
১৩. উপরোল্লেখিত যে কোন শর্ত লঙ্ঘিত হলে এবং তজ্জন্য কোন ক্ষয়ক্ষতি বা দুর্ঘটনা ঘটলে এর যাবতীয় দায় দায়িত্ব সংশ্লিষ্ট প্লট মালিকের উপর বর্তাবে এবং এর ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।

আলোচ্যবিষয়-২৭: ঢাকা ক্যান্টনমেন্ট (ইমারত নির্মাণ) উপ-আইন, ২০২০ এর ১৯ নং অনুচ্ছেদ পূরণকল্পে কারিগরী ব্যক্তিকে বোর্ডের তালিকাভুক্ত করণ প্রসংগে।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট (ইমারত নির্মাণ) উপ-আইন, ২০২০ গত ২৮ জানুয়ারি ২০২০ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। উক্ত উপ-আইন এর ১৯ নং অনুচ্ছেদ পূরণকল্পে কারিগরী ব্যক্তিকে বোর্ডের তালিকাভুক্ত করার লক্ষ্যে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা হলে প্রকৌশলী হিসেবে তালিকাভুক্ত হওয়ার জন্য ১২০ জন এবং স্থপতি হিসেবে তালিকাভুক্ত হওয়ার জন্য ১৩০ জনসহ সর্বমোট ২৫০(দুইশত পঞ্চাশ) জন আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজাদি ১০ জানুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত জমা করেন। যা সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাসকে আহবায়ক করে গঠিত কমিটি কর্তৃক যাচাই বাছাই করা হয়েছে। ইতোপূর্বে ২৬ মে ২০২১ পর্যন্ত যাচাই বাছাইয়ান্তে ৯৪ জন প্রকৌশলী ও ১০৪ জন স্থপতির আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজাদি সম্পূর্ণ ও সঠিক পাওয়া গেছে। ২৬ মে ২০২১ হতে ১০ জানুয়ারি ২০২২ পর্যন্ত যাচাই বাছাইয়ান্তে ০৯ জন প্রকৌশলী ও ১৪ জন স্থপতির আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজাদি সম্পূর্ণ ও সঠিক পাওয়া গেছে। প্রকৌশলী/স্থপতি এর নিবন্ধন ফি এককালীন ০৫(পাঁচ) বছরের জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ০৫(পাঁচ) বছর পর পরবর্তী প্রতি বছরের জন্য নবায়ন ফি ১,০০০/- (এক হাজার) টাকা গ্রহণ সাপেক্ষে নিম্নবর্ণিত ব্যক্তিবর্গকে নিবন্ধন করা যেতে পারেঃ

(ক) প্রকৌশলী

| ক্র/নং | প্রকৌশলী | পেশাজীবি প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বর |
|---|---|---|
| ১. | মোহাঃ তাসলীম উদ্দীন | FIEB-৮৩৩৯ |
| ২. | জামিল আহমদ চৌধুরী | FIEB-১২৬২৭ |
| ৩. | মোঃ মেহেদী হাসান | MIEB-৩২৪৪৩ |
| ৪. | তৌহিদ আহমেদ | MIEB-১৯৬২১ |
| ৫. | অচিন্ত্য কুমার সাহা | FIEB-১০৩৮৭ |
| ৬. | এস এম মাহমুদুর রহমান | FIEB-৬৯৩৯ |
| ৭. | মীর এনায়েত হোসেন | FIEB-১০২৯৯ |
| ৮. | মোঃ জাহিদুল ইসলাম | FIEB-৭৬৩১ |
| ৯. | জাহের ওয়াসীম | MIEB-৩৮৩৮৯ |

(খ) স্থপতি

| ক্র/ নং | স্থপতি | পেশাজীবি প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বর |
|---|---|---|
| ১. | মোঃ মুস্তাফিজুর রহমান | R-০৮২ |
| ২. | শাহ ফুয়াদ মোহাম্মদ সাইরাস | C-০৪৪ |
| ৩. | মোঃ সোহেল রানা | R-১১৯ |
| ৪. | মোঃ আব্দুস সোবহান | S-০২৯ |
| ৫. | তাহনিয়া রকীব বেহরোজ | R-০৫৩ |
| ৬. | তালুকদার রিয়াজুল ইসলাম | I-০৬৬ |
| ৭. | মোঃ তাইফুর রহমান | R-১৭০ |
| ৮. | শাহজাদী তাসলিমা | T-০১৯ |
| ৯. | মোঃ হেলাল উদ্দিন | U-০০৬ |
| ১০. | আহমদ মুরশেদ আনাম | A-০৭৫ |
| ১১. | ফারজানা তাইমুস | T-০১৭ |
| ১২. | মকবুল আহমেদ | AA-৫২৮ |
| ১৩. | বিশ্বজিৎ ঘোষ | AG-০১৮ |
| ১৪. | আবু সাঈদ মোহাম্মদ কামরুল ইসলাম | I-০৫৫ |

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট (ইমারত নির্মাণ) উপ-আইন, ২০২০ এর ১৯ নং অনুচ্ছেদ পূরণকল্পে সংযুক্ত তালিকায় উল্লেখিত কারিগরী ব্যক্তিকে (প্রকৌশলী/স্থপতি) নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে ০৫(পাঁচ) বছরের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে তালিকাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যবিষয়-২৮: ২৫ ফেব্রুয়ারি ২০২০ উপলক্ষে বনানী সামরিক কবরস্থানের প্রয়োজনীয় মেরামত ও রং চুনার কাজের বকেয়া বিল পাওয়ার জন্য মেসার্স জুই এন্টারপ্রাইজ এর মালিক মরহুম এস এম মাহমুদ এর কন্যা সিনথিয়া মাহমুদ ৩০/৬/২০২১ তারিখের আবেদনপত্র প্রসংগে।

আলোচনা: ২৫ ফেব্রুয়ারি ২০২০ উপলক্ষে বনানী সামরিক কবরস্থানের প্রয়োজনীয় মেরামত ও রং চুনার কাজের জন্য ০৭ জানুয়ারি ২০২০ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-১৬(১৪) এর মাধ্যমে মূল্যানুমান অনুমোদন করা হয়। উক্ত কাজের জন্য মেসার্স জুঁই এন্টারপ্রাইজ কর্তৃক দাখিলকৃত দর ২৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-২১(১২) এর মাধ্যমে অনুমোদন করা হয়। মেসার্স জুঁই এন্টারপ্রাইজ এর মালিক এস এম মাহমুদ ১৯/৩/২০২০ তারিখে মৃত্যুবরণ করেন। কাজটি জরুরি বিধায় কার্যাদেশ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পূর্বেই মৌখিক নির্দেশে ঠিকাদার কর্তৃক কাজ সম্পন্ন করা হয়। উক্ত কাজের বকেয়া বিল পাওয়ার জন্য মেসার্স জুই এন্টারপ্রাইজ এর মালিক মরহুম এস এম মাহমুদ এর কন্যা সিনথিয়া মাহমুদ ৩০/৬/২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন (কপি সংযুক্ত)। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্ত ঠিকাদার মেসার্স জুঁই এন্টারপ্রাইজ এর মালিক জনাব এস এম মাহমুদ মৃত্যু বরণ করায় উক্ত ফার্ম কর্তৃক সম্পাদিত কাজের বিল তাঁর উত্তরাধিকার সনদপত্র যাচাই সাপেক্ষে মরহুমের স্ত্রীর অনুকূলে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যবিষয়-২৯: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখায় শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০১(এক) জন সুপারভাইজার, ০২ (দুই) জন পরিচ্ছন্নতাকর্মী, পানি ও বিদ্যুৎ শাখায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০১(এক) জন ইলেকট্রিক লাইনম্যান এবং সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০১(এক) জন মেডিকেল অফিসার এবং ০১ (এক) জন ধূপী নিয়োগ প্রদান প্রসংগে।

আলোচনা: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে চিকিৎসা সেবা অব্যাহত রাখতে মেডিকেল অফিসার এর শূন্য পদে ০১ জন, ধূপী এর শূন্য পদে ০১ জন এবং অত্র দপ্তরের জরুরী প্রয়োজনে পানি ও বিদ্যুৎ শাখার ইলেকট্রিক লাইনম্যান এর শূন্য পদে ০১ জন এবং কঞ্জারভেন্সী শাখার পরিচ্ছন্নতাকর্মীর শূন্য পদে ০১ জন-কে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিম্নবর্ণিতভাবে নিয়োগ প্রদান করা যেতে পারে।

| ক্র/নং | প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | পদের নাম | সর্বসাকুল্যে বেতন | নিয়োগ/যোগদানের তারিখ |
|---|---|---|---|---|
| ১। | ডাঃ মোঃ মাহাদী হাসান<br>পিতা-মোঃ রুহুল আমিন<br>মাতা-আলেয়া বেগম<br>গ্রাম-পাজাখালী, পোঃ কুড়িপাইকা,<br>পটুয়াখালী সদর, পটুয়াখালী। | মেডিকেল অফিসার (অস্থায়ী) | ৩০,০০০/- | ০১/০৪/২০২২ |
| ২। | জনাব মোঃ তুহিন মিয়া<br>পিতা-মোঃ সাদা মিয়া<br>মাতা-মোছাঃ আছমেতারা বেগম<br>গ্রাম-চাঁন্দেরঘাট, পোঃ বালাতা বাজার,<br>উপজেলা-গাইবান্ধা সদর, জেলা-গাইবান্ধা। | পরিচ্ছন্নতাকর্মী (অস্থায়ী) | ১২,০০০/- | ২৪/০৫/২০২২ |
| ৩। | মোসাঃ আফরোজা আকতার<br>পিতা-মোঃ এনামুল হক<br>মাতা-পিয়ারা বেগম<br>গ্রাম ও পোঃ পলশা,<br>উপজেলা-চাঁপাইনবাবগঞ্জ সদর ,<br>জেলা-চাঁপাইনবাবগঞ্জ। | ধূপী (অস্থায়ী) | ১২,০০০/- | ১০/০৪/২০২২ |
| ৪। | জনাব মোঃ শরীফ হোসেন<br>পিতা-মোঃ বিটুল হক<br>মাতা-মোছাঃ শরিফা বেগম<br>গ্রাম-নিজ ভোগডাবুড়ি, পোঃ চিলাহাটি<br>উপজেলা-ডোমার, জেলা-নীলফামারী। | ইলেকট্রিক লাইনম্যান (অস্থায়ী) | ১২,০০০/- | ০৩/০৪/২০২২ |

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১৪/০২/২০২২ খ্রিঃ তারিখের ২৩.০০.০০০০.১১০.১৯.০৬৭.১৬.২২২ নং পত্রের মাধ্যমে ০২ (দুই) জন কর্মচারী সংযুক্তিতে পদায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এ প্রেক্ষিতে ইলেকট্রিক লাইনম্যান এর শূন্য পদে জনাব মো: জোবায়েদ আহমেদ পিতা-মো: কিসমত আলী-কে নির্ধারিত ১২,০০০/- (বার হাজার) টাকা বেতনে এবং পরিচ্ছন্নতাকর্মীর শূন্য পদে জনাব শরীফ হোসেন, পিতা-আঃ কাদির-কে নির্ধারিত ১২,০০০/- (বার হাজার) টাকা বেতনে নিয়োগ প্রদান করা হয়। উক্ত নিয়োগের ঘটনোত্তর অনুমোদন প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্ত: ২৯:১ বিস্তারিত আলোচনান্তে কঞ্জারভেন্সী শাখা/পানি ও বিদ্যু শাখা/সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের শূন্য পদের বিপরীতে নিম্নবর্ণিত ব্যক্তিবর্গকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদানের সিদ্ধান্তসহ এবং ইলেকট্রিক লাইনম্যান এর শূন্য পদে জনাব মো: জোবায়েদ আহমেদ, পিতা-মো: কিসমত আলী এবং পরিচ্ছন্নতাকর্মীর শূন্য পদে জনাব শরীফ হোসেন, পিতা-আঃ কাদির-কে নির্ধারিত ১২,০০০/- (বার হাজার) টাকা বেতনে নিয়োগ প্রদানের ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্র/নং | প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | পদের নাম | সর্বসাকুল্যে বেতন | নিয়োগ/যোগদানের তারিখ |
|---|---|---|---|---|
| ১। | ডাঃ মোঃ মাহাদী হাসান<br>পিতা-মোঃ রুহুল আমিন<br>মাতা-আলেয়া বেগম<br>গ্রাম-পাজাখালী, পোঃ কুড়িপাইকা,<br>পটুয়াখালী সদর, পটুয়াখালী। | মেডিকেল অফিসার (অস্থায়ী) | ৩০,০০০/- | ০১/০৪/২০২২ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২। | জনাব মোঃ তুহিন মিয়া<br>পিতা-মোঃ সাদা মিয়া<br>মাতা-মোছাঃ আছমেতারা বেগম<br>গ্রাম-চাঁন্দেরঘাট, পোঃ বালাতা বাজার,<br>উপজেলা-গাইবান্ধা সদর, জেলা-গাইবান্ধা। | পরিচ্ছন্নতাকর্মী<br>(অস্থায়ী) | ১২,০০০/- | ২৪/০৫/২০২২ |
| ৩। | মোসাঃ আফরোজা আকতার<br>পিতা-মোঃ এনামুল হক<br>মাতা-পিয়ারা বেগম<br>গ্রাম ও পোঃ পলশা,<br>উপজেলা-চাঁপাইনবাবগঞ্জ সদর ,<br>জেলা-চাঁপাইনবাবগঞ্জ। | ধুপী<br>(অস্থায়ী) | ১২,০০০/- | ১০/০৪/২০২২ |
| ৪। | জনাব মোঃ শরীফ হোসেন<br>পিতা-মোঃ বিটুল হক<br>মাতা-মোছাঃ শরিফা বেগম<br>গ্রাম-নিজ ভোগডাবুড়ি, পোঃ চিলাহাটি<br>উপজেলা-ডোমার, জেলা-নীলফামারী। | ইলেকট্রিক লাইনম্যান<br>(অস্থায়ী) | ১২,০০০/- | ০৩/০৪/২০২২ |

আলোচ্যবিষয়-৩০: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (মাস্টাররোল) নিয়োগপ্রাপ্ত মেডিকেল টেকনোলজিস্ট (রেডিও) জনাব মোঃ আব্দুর রহিম এর বেতন বৃদ্ধি প্রসংগে।

আলোচনা: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পরিচালক (প্রশাসন) তাঁর ২৩/০২/২০২২ খ্রিঃ তারিখের এসকেএমসিবিজিএইচ/৬২ নং পত্রের মাধ্যমে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (মাস্টাররোল) নিয়োগপ্রাপ্ত মেডিকেল টেকনোলজিস্ট (রেডিও) জনাব মোঃ আব্দুর রহিম এর বেতন ১২,০০০/- (বার হাজার) টাকা হতে বৃদ্ধি করে ১৫,০০০/- (পনের হাজার) টাকা নির্ধারণ করার জন্য সুপারিশ করেছেন। উল্লেখ্য যে, উক্ত কর্মচারীকে বোর্ড সভার অনুমোদনক্রমে অত্র দপ্তরের ১৭/০২/২০২২ খ্রিঃ তারিখের ২৩.২২.৭০০০১.০১১.২৭.১৭৫.২২-২৭৯ নং পত্রের মাধ্যমে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে উক্ত পদে ২৫/১২/২০২১ খ্রিঃ তারিখ হতে ১২,০০০/- (বার হাজার) টাকা নির্ধারিত বেতনে নিয়োগ প্রদান করা হয়। দক্ষ ও অভিজ্ঞ মেডিকেল টেকনোলজিস্ট (রেডিও) স্বল্প বেতনে পাওয়া যায় না বিধায় বর্তমান বাজার মূল্য বিবেচনায় উক্ত কর্মচারীর বেতন ১৫,০০০/- (পনের হাজার) টাকা নির্ধারণের জন্য হাসপাতালের পরিচালক (প্রশাসন) প্রস্তাব প্রেরণ করেছেন। সার্বিক বিষয় বিবেচনা করে উক্ত অভিজ্ঞ ও দক্ষ মেডিকেল টেকনোলজিস্ট (রেডিও) জনাব মোঃ আব্দুর রহিম এর বেতন এর মাসিক নির্ধারিত বেতন ১২,০০০/- (বার হাজার) টাকা হতে বৃদ্ধি করে ১৫,০০০/- (পনের হাজার) টাকা নির্ধারণ করা যেতে পারে।

সিদ্ধান্ত: দক্ষ ও অভিজ্ঞ মেডিকেল টেকনোলজিস্ট (রেডিও) স্বল্প বেতনে পাওয়া যায় না বিধায় সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (মাস্টাররোল) নিয়োগপ্রাপ্ত মেডিকেল টেকনোলজিস্ট (রেডিও) জনাব মোঃ আব্দুর রহিম এর মাসিক বেতন ১২,০০০/- (বার হাজার) টাকা থেকে বৃদ্ধি করে ১৫,০০০/- (পঁনের হাজার) টাকা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যবিষয়-৩১: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার ৪৮/এ, ভবন-১ এর ৫ম তলার দক্ষিণ পার্শ্বের ফ্ল্যাটে বসবাসের অনুমতি প্রদান প্রসংগে।

আলোচনা: মরহুম মনোয়ার মাহমুদ, সহকারী শিক্ষক(গণিত), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী, ঢাকা সেনানিবাস এর স্ত্রী ঝরনা আক্তার স্টাফ কোয়ার্টার ৪৮/এ, ভবন-১ এর ৫ম তলার দক্ষিণ পার্শ্বের ফ্ল্যাটে তাঁর ছোট ছেলে মানুষ না হওয়া পর্যন্ত বিনা ভাড়ায় বসবাসের অনুমতির জন্য গত ২১/০৩/২০২২ খ্রিঃ তারিখে আবেদন করেছেন। উল্লেখ্য, আবেদনকারীর স্বামী মনোয়ার মাহমুদ গত ১৮/০৪/২০২১ খ্রিঃ তারিখে কভিড-১৯ করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকায় মৃত্যুবরণ করেন। তাঁর স্বামীর মৃত্যুতে তাদের পরিবার চরমভাবে অসহায় হয়ে পড়ে এবং ঢাকায় তাদের বাসস্থানের কোন ব্যবস্থা নেই। মরহুমের ০১পুত্র ও ০৩ কন্যা সন্তান রয়েছে। তাদের ০২টি মেয়ে শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজে এবং পুত্র সন্তান আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলে অধ্যয়নরত। তন্মধ্যে ০১ মেয়ে ২০২২ সালের এসএসসি পরীক্ষার্থী। উপরোক্ত বিষয়গুলি বিবেচনা করে বিনা ভাড়ায় বাসায় বসবাসের অনুমতির বিষয়ে গত ২৯/০৮/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যবিষয়-২২ এর মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি ১৮/০৪/২০২১ হতে ১৭/০৪/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য বিনা ভাড়ায় বিদ্যুৎ, গ্যাস ও পানির বিল নিজ দায়িত্বে পরিশোধের শর্তে বসবাস করার অনুমতি প্রদানের সুপারিশ করেন। কমিটির সুপারিশের প্রেক্ষিতে গত ২৭/১০/২০২১ খ্রিঃ তারিখে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যবিষয়-৪০ এর মাধ্যমে ১৮/০৪/২০২১ হতে ১৭/০৪/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য বিনা ভাড়ায় বিদ্যুৎ, গ্যাস ও পানির বিল নিজ দায়িত্বে পরিশোধের শর্তে বসবাস করার অনুমতি প্রদান করা হয়। মরহুমের স্ত্রী জনাব ঝরনা আক্তার পুনরায় বাসায় বসবাসের অনুমতির জন্য আবেদন করেছেন।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে মরহুম মনোয়ার মাহমুদ, সহকারী শিক্ষক(গণিত), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী, ঢাকা সেনানিবাস এর স্ত্রী ঝরনা আক্তার-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার ৪৮/এ, ভবন-১ এর ৫ম তলার দক্ষিণ পার্শ্বের ফ্ল্যাটে ১৮/৪/২০২২ হতে ১৭/০৪/২০২৩ পর্যন্ত আরো এক বছরের জন্য বিনা ভাড়ায় বিদ্যুৎ, গ্যাস ও পানির বিল নিজ দায়িত্বে পরিশোধের শর্তে বসবাস করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যবিষয়-৩২: ক্যান্টনমেন্ট সীমানা সংলগ্ন এলাকায় স্থাপনা নির্মাণে ছাড়পত্র গ্রহণ প্রসংগে।

আলোচনা: ক্যান্টনমেন্ট সীমানা সংলগ্ন এলাকায় ৪০ ফুটের অধিক উচ্চতার ভবন নির্মাণের ক্ষেত্রে ক্যান্টনমেন্ট আইন, ২০১৮ এর ২১২(ক) ধারা অনুযায়ী ক্যান্টনমেন্ট বোর্ডের পূর্বানুমোদন নিশ্চিতকল্পে ছাড়পত্র গ্রহণের জন্য অত্র দপ্তর হতে ৩১ আগস্ট ২০২১ তারিখে ০১টি প্লটে এবং ০২ ডিসেম্বর ২০২১ তারিখে ১০৮টি প্লটে নোটিশ প্রদান করা হয়। তন্মধ্যে নিম্নবর্ণিত প্লটের মালিকগণ অত্র দপ্তরে আবেদন করেছেনঃ-

ক) উত্তর ধামালকোট এলাকার ৮৮/৩ নং প্লটের ডেভেলপার কোম্পানী কিংডম বিল্ডার্স লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক ৩১ জানুয়ারি ২০২২ তারিখের আবেদনপত্রের মাধ্যমে জানিয়েছেন কিংডম হাবিল কমপ্লেক্স এর নিলঞ্জনা কিংডম নামীয় ভবন নং-৪ এর নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে। ছাড়পত্র প্রদানের জন্য অত্র দপ্তরে আবেদন জানানো হয়েছে।

খ) গুলশান-২ এলাকার ৭৩ নং রোডস্থ ৮৯/এ নং প্লটের ডেভেলপার কোম্পানী র‍্যানকন ডেভেলপমেন্টস লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখের আবেদনপত্রের মাধ্যমে জানিয়েছেন যে, উক্ত প্লটে ১১ তলা বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণে রাজউক হতে অনুমোদন নেয়া হয়েছে। প্লটটি ক্যান্টনমেন্ট সীমানা সংলগ্ন বিধায় অত্র দপ্তরের ছাড়পত্রের জন্য অনুরোধ জানিয়েছেন।

সিদ্ধান্ত: ক্যান্টনমেন্ট সীমানা সংলগ্ন এলাকায় স্থাপনা নির্মাণের ছাড়পত্রের জন্য প্রাপ্ত আবেদনসমূহ সদর দপ্তর লজিস্টিকস এরিয়ার মাধ্যমে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩৩: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের হোল্ডিং ট্যাক্স অনলাইনের মাধ্যমে আদায়ের নিমিত্ত প্রস্তুতকৃত সফটওয়্যার প্রেজেন্টেশন প্রসংগে।

আলোচনা: ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার সিদ্ধান্ত এবং সেনাসদরের নির্দেশনার প্রেক্ষিতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাভুক্ত সকল ডিওএইচএস এবং আবাসিক এলাকার সমূহের গৃহকর অনলাইন ভিত্তিক আদায়ের জন্য রেভিনিউ কালেকশন সফটওয়ার চালু করণের প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে। এপ্রেক্ষিতে বোর্ডসভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত কমিটি বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে ক্যান্টনমেন্ট বোর্ডের প্রয়োজনীয় ডাটা/তথ্য উপাত্ত বিশ্লেষণ করে পরীক্ষামূলকভাবে অনলাইন সফটওয়ার ডেমো হিসেবে চালু করা হয়েছে। রেভিনিউ কালেকশন সফটওয়ারটি প্রেজেন্ট্রেশন বোর্ডে উপস্থাপন করা হলে সকল সদস্য সফটওয়ারটি চালু করণের বিষয়ে একমত পোষন করেন। তাছাড়া ব্যাংক একাউন্ট এর মাধ্যমে গৃহকর পরিশোধর বিষয়ে সোনালী ব্যাংকের পাশাপাশি ট্রাস্ট ব্যাংক লিমিটেড এর মাধ্যমেও লেনদেন কার্যক্রমের সুযোগ রাখার সুপারিশ করেন। পিপিআর-২০০৮ এর বিধি ১০৪(ঘ) ধারায় সিঙ্গেলস সোর্স সিলেকশন এর সুযোগ রয়েছে এবং একই ধারার সিডিউলে পরামর্শক প্রতিষ্ঠানের ফার্মের জন্য সর্বাধিক ২০,০০,০০০/-(বিশ লক্ষ) টাকা ব্যয়ের বিধান রয়েছে। এক্ষেত্রে দৈনিক পত্রিকায় EOI (এক্সপ্রেস অব ইন্টারেস্ট) এর মাধ্যমে ব্যবস্থা গ্রহনের সুযোগ রয়েছে।

সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:-

(ক) ট্রাস্ট ব্যাংক লিমিটেড কর্পোরেট শাখায় ক্যান্টনমেন্ট বোর্ডের একটি হিসাব খুলতে হবে।

(খ) বর্তমান প্রস্তুতকৃত সফটওয়ার এর মূল্যানুমান নির্ধারণ করে পিপিআর-২০০৮ এর বিধি ১০৪(ঘ) ধারায় EOI (এক্সপ্রেস অব ইন্টারেস্ট) আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-৩৩(১): ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬/এ নং রোডের প্লট নং-৬৬/সি এর পশ্চিম পার্শ্বে ক্যান্টনমেন্ট বোর্ডের খালি জমিতে কর্মকর্তাদের জন্য (১×৪×৬)=২৪টি বাসস্থান নির্মাণ কাজের নিরাপত্তা জামানত ফেরত প্রদান প্রসংগে।

আলোচনা: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬/এ নং রোডের প্লট নং-৬৬/সি এর পশ্চিম পার্শ্বে ক্যান্টনমেন্ট বোর্ডের খালি জমিতে কর্মকর্তাদের জন্য (১×৪×৬)=২৪টি বাসস্থান নির্মাণ কাজের জন্য মেসার্স সেভেন স্টার ইলেকট্রনিক্স-কে ১১,৫৫,২৯,৪১২/- টাকার কার্যাদেশ প্রদান করা হয়। পাইল ড্রাইভিং পর্যন্ত সম্পন্ন করার পর কাজটি বাতিল হওয়ায় উক্ত ফার্ম কর্তৃক সম্পাদিত সমুদয় কাজের বিল/চুড়ান্ত বিল চেয়ে ঠিকাদার ০৪/০২/২০২১ তারিখে আবেদন করেন। ঠিকাদারকে ১ম চলতি বিল বাবদ ২০,০০,০০০/- টাকা পরিশোধ করা হয়। ঠিকাদার সম্পাদিত সর্বমোট/ চুড়ান্ত বিলের পরিমাণ ১,৩৪,০৯,৩৭৮/- টাকা। পরবর্তীতে ১০ মার্চ ২০২১ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-৪৬ এর সিদ্ধান্তের প্রেক্ষিতে ঠিকাদারকে চুড়ান্ত বিল ১,১৪,০৯,৩৭৮/- (এক কোটি চৌদ্দ লক্ষ নয় হাজার তিনশত আটাত্তর) টাকা পরিশোধ করা হয়। ঠিকাদার উক্ত কাজের নিরাপত্তা জামানত ফেরত পাওয়ার জন্য ০৬/০৪/২০২২ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। এমতাবস্থায়, ঠিকাদারকে উক্ত কাজের নিরাপত্তা জামানতের মোট ১৩,৪০,৯৩৮/- ( তের লক্ষ চল্লিশ হাজার নয়শত আটত্রিশ) টাকা বিধি মোতাবেক ফেরত প্রদান করা যেতে পারে। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: উক্ত কাজের নিরাপত্তা জামানতের মোট ১৩,৪০,৯৩৮/- ( তের লক্ষ চল্লিশ হাজার নয়শত আটত্রিশ) টাকা মেসার্স সেভেন স্টার ইলেকট্রনিক্স-কে ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩৪: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ফাঁকা স্থান অস্থায়ীভাবে দোকান/স্পেস ভাড়া/ইজারা প্রদানের বিষয়ে আলোচনা।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ফাঁকা জায়গায় দোকান/স্পেস ভাড়া/ইজারা প্রদানের প্রয়োজন হলে ক্যান্টনমেন্ট বোর্ড এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থাসহ চুক্তিপত্র সম্পাদনপূর্বক উক্ত দোকান/স্পেস ভাড়া/ইজারার অর্থ ক্যান্টনমেন্ট বোর্ড ফান্ডে জমা ও উক্ত অর্থ মার্কেটের নৈমিত্তিক খাতে ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য বোর্ডসভায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

১. মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের যে কোন জায়গায় অস্থায়ী দোকান/স্পেস ভাড়া প্রদানের ক্ষেত্রে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের সাথে চুক্তি সম্পাদন করতে হবে।

২. এখনো যেসব অস্থায়ী দোকান/স্পেস চুক্তিবিহীন অবস্থায় ভাড়া দেয়া আছে সেগুলো দ্রুত চুক্তির আওতায় আনতে হবে।

৩. অস্থায়ী দোকান/স্পেসমূহের ভাড়া প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজন সাপেক্ষে মার্কেটের এমডি'র একাউন্টে জমা করতে হবে।

৪. এ বিষয়ে বোর্ড পরবর্তী যে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

আলোচ্যবিষয়-৩৫: ঢাকা ক্যান্টনমেন্ট এর বর্জ্য ব্যবস্থাপনা পরিবেশবান্ধব করার নিমিত্ত প্রস্তাবনা প্রেরণ প্রসঙ্গে।

আলোচনা: ঢাকা সেনানিবাসের বিভিন্ন এলাকার বর্জ্য বর্তমানে মিরপুর সেনানিবাসস্থ ট্রেন্সিং গ্রাউন্ডে ফেলা হচ্ছে। উক্ত ট্রেন্সিং গ্রাউন্ডের উত্তর পাশে একটি উন্মুক্ত জলাশয় রয়েছে। ঢাকা ক্যান্টনমেন্ট এর বর্জ্য ব্যবস্থাপনা পরিবেশবান্ধব করার বিষয়ে ইতোপূর্বে বিভিন্ন সময়ে ঢাকা ক্যান্টনমেন্টের অসামরিক ও সামরিক উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক বিভিন্ন ফোরামে আলোচনা হলেও কোনো সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গৃহীত হয়নি। এ বিষয়ে একাদশ জাতীয় সংসদের প্রতিরক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ১৬তম বৈঠকে সিদ্ধান্ত গৃহীত হয় যে ঢাকা ক্যান্টনমেন্টের বর্জ্য নদী, খাল বা জলাশয়ে ফেলা বন্ধ করতে হবে এবং বর্জ্য ব্যবস্থাপনা পরিবেশ বান্ধব করার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের সুপারিশ করা হয়। সে লক্ষ্যে ঢাকা সেনানিবাসে পরিবেশ বান্ধব বর্জ্য ব্যবস্থাপনা প্ল্যান্ট নির্মাণ সংক্রান্ত একটি প্রকল্প প্রস্তুতের জন্য স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে কয়েকটি প্রেজেন্টেশন প্রদান করা হয়েছে। বর্জ্য ব্যবস্থাপনা প্ল্যান্ট নির্মাণ সংক্রান্ত একটি প্রকল্পের সম্ভাব্য ব্যয় ১৫(পঁনের) কোটি টাকা এবং উক্ত অর্থ বরাদ্দের জন্য জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্ট ফান্ড (সিসিটিএফ) এ প্রকল্প প্রস্তাব প্রেরণ করে ০৬(ছয়) মাসের মধ্যে অর্থ প্রাপ্তি নিশ্চিত করা যেতে পারে।

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক বর্জ্য ব্যবস্থাপনা প্ল্যান্ট নির্মাণ সংক্রান্ত প্রকল্প গ্রহণের নীতিগত অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত বর্জ্য ব্যবস্থাপনা প্ল্যান্ট নির্মাণ প্রকল্পের কাজ ত্বরান্বিত করার প্রক্রিয়া দ্রুত এগিয়ে নিতে হবে।

আলোচ্যবিষয়-৩৬: ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদে পবিত্র রমজান উপলক্ষে তারাবীর নামাজের জন্য নিযুক্ত হাফেজগণের সম্মানী প্রসংগে।

আলোচনা: প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, প্রতি বছরের ন্যায় এ বছরও ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদে তারাবীর নামাজ আদায়ের জন্য দুই জন হাফেজ নিয়োজিত আছেন। হাফেজগণের সম্মানী ক্যান্টনমেন্ট বোর্ড হতে প্রদান করা হয়ে থাকে। করোনা অতিমারীর কারণে ২০২০ ও ২০২১ সালে তারাবীর নামাজ বন্ধ ছিল। ২০১৯ সালে প্রত্যেক হাফেজকে ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা করে সম্মানী প্রদান করা হয়েছিল।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদে পবিত্র রমজান উপলক্ষে তারাবীর নামাজের জন্য নিযুক্ত হাফেজগণকে প্রত্যেককে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা করে সম্মানী প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।
সংযুক্তঃ পরিশিষ্ট-'ক'

(কাজী মোহাম্মদ হাসান)
সেক্রেটারি, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট
ফোনঃ ৯৮৩৫৫৬৫, ই-মেইল : ceocbd@gmail.com

২৪/০৮/২২

(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সেলিম মাহমুদ, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

**পরিশিষ্ট-'ক'**

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন এম মনিরুজ্জামান, (ট্যাজ), এনজিপি, পিএসসি, বিএন<br>অধিনায়ক, বানৌজা হাজী মহসীন, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | স্কোয়াড্রন লীডার আশরাফ<br>প্রতিনিধি<br>অধিনায়ক, বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | কর্নেল সৈয়দ ওবায়দুল্লাহ হেল সাফী, এএফডব্লিউসি, পিএসসি<br>সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস।<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | মেজর মুরসালীন ইবনে সিদ্দিক<br>ডিএএএন্ডকিউএমজি, সদর দপ্তর লজিস্টিকস্ এরিয়া, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | লেঃ কর্ণেল মোঃ শওকত আলী<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | মেজর এ টি এম আহসান হাবিব, আর্টিলারী<br>এডহক স্টেশন সদর দপ্তর, মিরপুর, ঢাকা<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৭) | মেজর স্মৃতি দত্ত, আর্টিলারী<br>লজিস্টিকস্ এরিয়া এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |
| (৮) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৯) | জনাব হেলাল উদ্দিন আহমেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (১০) | জনাব মো. জাহাঙ্গীর হোসেন<br>সিনিয়র সহকারী কমিশনার (বিচার শাখা), জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |